// Daily Monitoring Report

**Directorate of Monitoring**

**Bangladesh Betar, Dhaka**

e-mail: dmrbbd@gmail.com

Chaitra 17, 1430 Bangla, March 31, 2024, Sunday, No. 91, 54th year

# H I G H L I G H T S

AL GS says, MPs cannot influence or interfere in upazila elections. Adds, the party will not accept it in any way if the MPs exert influence to win their own people in the elections. (R. Today: 11)

BD has expressed grief over the death of Win Rosario, a Bangladeshi youth who was shot by police in the United States. Foreign Minister demands prosecution of the guilty through a fair investigation. (R. Today: 11)

BNP Standing Committee Member Abdul Moyeen Khan alleges that ruling AL is not giving an opportunity to express dissent in the country. Adds, BD fought for democracy, but now it is absent in the country. (VOA: 07)

Jamaat-e-Islami wants to move ahead with the strategy of increasing political activity through issue-based programs & participating in local govt. elections 'informally' after 12th parliamentary elections. (BBC: 04)

Another Bangladeshi named Murali Chandra Barman was killed in firing by BSF at Beltala border of Kaliganj upazila of Lalmonirhat within 4 days. 2 others were shot at this time. (R. Today: 12)

Unable to withstand the attack of rebel Arakan Army in Rakhine, 3 more soldiers of Junta military fled to BD. The number of soldiers of the Junta forces who escaped with this has now risen to 180. (R. Today: 12)

Doubts have arisen over the release of the Bangladesh-flagged ship MV Abdullah and its 23 sailors before Eid, held hostage by Somali pirates. (VOA: 05)

There has been a dollar crisis in BD for a long time. ACC recently found such a cycle who were illegally smuggling hundreds of crores of dollars or foreign currency out of country every day. (Jago FM: 16)

BUET has become agitated with entry of BCL leaders into campus at midnight. Students could not accept the entry of BCL leaders in any way. After this movement, question has arisen whether their anger is against BCL or student politics? (DW: 09)

According to UN Environment Programme's Food Waste Index Report, world wasted an estimated 19% of the food produced globally in 2022. At that time, trend of food waste in BD was higher than India, Russia, United Kingdom & United States. (BBC: 03)

NBR has taken the initiative to adjust the tariff structure according to the global trade policy. (VOA: 06)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১৭, বাংলা ১৪৩০, মার্চ ৩১, ২০২৪, রবিবার, নং-৯১, ৫৪তম বছর**

# শিরোনাম

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, উপজেলা নির্বাচনে এমপিরা হস্তক্ষেপ করতে পারবে না। সংসদ সদস্যরা নির্বাচনে নিজের লোক জেতাতে প্রভাব বিস্তার করলে দল কোনোভাবেই তা মেনে নেবে না। (রে. টুডে: ১১)

যুক্তরাষ্ট্রে পুলিশের গুলিতে নিহত বাংলাদেশি যুবক উইন রোজারিওর মৃত্যুতে দুঃখ প্রকাশ করেছে বাংলাদেশ। একই সঙ্গে সুষ্ঠু তদন্তের মাধ্যমে দোষীদের বিচারের দাবি জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। (রে. টুডে: ১১)

ক্ষমতাসীন আওয়ামী লীগ দেশে ভিন্নমত প্রকাশের সুযোগ দিচ্ছে না বলে অভিযোগ করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। তিনি বলেন, বাংলাদেশ গণতন্ত্রের জন্য লড়াই করেছে। কিন্তু দেশে এখন তা অনুপস্থিত। (ভোয়া : ০৭)

দ্বাদশ সংসদ নির্বাচনের রেশ কাটিয়ে ইস্যুভিত্তিক কর্মসূচির মাধ্যমে রাজনৈতিক তৎপরতা বাড়ানো আর `অনানুষ্ঠানিকভাবে, স্থানীয় সরকার নির্বাচনগুলোতে অংশ নেয়ার কৌশল নিয়ে এগুতে চাইছে জামায়াতে ইসলামী। (বিবিসি : ০৪)

চার দিনের ব্যবধানে লালমনিরহাটের কালীগঞ্জে উপজেলার চন্দ্রপুর ইউনিয়নের বেলতলা সীমান্তে বিএসএফের গুলিতে মুরালি চন্দ্র বর্মন নামের এক বাংলাদেশ নিহত হয়েছেন। এ সময় গুলিবিদ্ধ হয়েছেন আরো দুজন। (রে. টুডে: ১২)

রাখাইনে বিদ্রোহীদের হামলায় টিকতে না পেরে জান্তাবাহিনীর আরো তিন সেনা সদস্য বাংলাদেশে পালিয়ে এসেছেন। এ নিয়ে পালিয়ে আসা জান্তা বাহিনীর সেনা সংখ্যা এখন বেড়ে দাঁড়ালো ১৮০ তে। (রে. টুডে: ১২)

সোমালিয়ার জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আব্দুল্লাহ এবং এর ২৩ নাবিককে ঈদের আগে মুক্ত করা নিয়ে সংশয় দেখা দিয়েছে। (ভোয়া : ০৫)

দীর্ঘদিন ধরেই দেশে ডলার সংকট। এমন পরিস্থিতিতেও প্রতিদিন দেশ থেকে পাচার হচ্ছে কোটি কোটি টাকা মূল্যের ডলার। সম্প্রতি এমন এক চক্রের সন্ধান পায় দুদক। যারা প্রতিদিন শত কোটি টাকা মূল্যের ডলার বা বৈদেশিক মুদ্রা অবৈধভাবে দেশের বাইরে পাচার করছিল। (জাগো এফএম: ১৬)

গভীর রাতে ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাদের প্রবেশ নিয়ে উত্তাল হয়ে উঠেছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। সাধারণ শিক্ষার্থীরা ছাত্রলীগের নেতাদের প্রবেশকে কোনোভাবেই মেনে নিতে পারেনি। সাধারণ শিক্ষার্থীদের এই আন্দোলনের পর প্রশ্ন উঠেছে তাদের এই ক্ষোভ কি ছাত্রলীগের বিরুদ্ধে নাকি ছাত্র রাজনীতির বিরুদ্ধে? (ডয়চে ভেলে: ০৯)

জাতিসংঘের পরিবেশ বিষয়ক কর্মসূচি বা ইউনেপের এক প্রতিবেদনে বলা হয়েছে, বিশ্বে ২০২২ সালে বাসাবাড়ি, খাদ্য সেবা ও খুচরা পর্যায়ে মোট খাদ্যের প্রায় উনিশ শতাংশ খাবার অপচয় হয়েছে। ঐ সময়ে বাংলাদেশের খাদ্য অপচয়ের এ প্রবণতা ছিলো ভারত, রাশিয়া, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের চেয়ে বেশি। (বিবিসি : ০৩)

বৈশ্বিক বাণিজ্য নীতি অনুযায়ী শুল্ক কাঠামো সমন্বয়ের উদ্যোগ নিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড। (ভোয়া : ০৬)

# বিবিসি

## ব্রিটেন-আমেরিকার চেয়ে বাংলাদেশে কেন বেশি খাবার নষ্ট হয়?

জাতিসংঘের পরিবেশ বিষয়ক কর্মসূচি বা ইউনেপের এক প্রতিবেদনে বলা হয়েছে বিশ্বে ২০২২ সালে বাসাবাড়ি, খাদ্য সেবা ও খুচরা পর্যায়ে মোট খাদ্যের প্রায় উনিশ শতাংশ অর্থাৎ একশ কোটি টনের বেশি খাবার অপচয় হয়েছে। ওই সময় বাংলাদেশে গড়ে একজন ব্যক্তি বছরে ৮২ কেজি খাবার অপচয় করেছেন। এতে বলা হয়, "বিশ্বের বেশিরভাগ খাদ্য অপচয় হয়েছে বাসাবাড়িতে। যত খাদ্য অপচয় হয়েছে ৬০ শতাংশই বাসাবাড়িতে হয়েছে। এছাড়া গড়ে একজন মানুষ বছরে ৭৯ কেজি খাবার অপচয় করেছে" প্রতিবেদনে বলা হয়েছে। ফুড ওয়েস্ট ইনডেক্স রিপোর্ট ২০২৪ শীর্ষক ওই প্রতিবেদনে পাওয়া তথ্য অনুযায়ী ওই সময়ে বাংলাদেশের খাদ্য অপচয়ের এ প্রবণতা ছিল ভারত, রাশিয়া, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের চেয়ে বেশি। জাতিসংঘের হিসেবে বাসাবাড়িতে এক ব্যক্তি বছরে গড়ে ভারতে ৫৫, যুক্তরাজ্য ৭৬, যুক্তরাষ্ট্র ৭৩ ও রাশিয়ায় ৩৩ কেজি খাবার অপচয় করেছে। তবে এ হিসেবে খাবারের সবচেয়ে বেশি অপচয় হয়েছে মালদ্বীপে ২০৭ কেজি আর সবচেয়ে কম হয়েছে ১৮ কেজি-মঙ্গোলিয়ায়। খাদ্য অপচয় বিষয়ে গবেষক অধ্যাপক মোঃ কামরুল হাসান বিবিসি বাংলাকে বলছেন বাংলাদেশে একেবারে উচ্চ আয়ের পরিবারগুলোতে বেশি খাদ্য নষ্ট বা অপচয় হয়। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মি. হাসান খাদ্য অপচয় নিয়ে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা এবং ঢাকায় খাদ্য মন্ত্রণালয়ের আওতায় গবেষণা করেছেন। প্রসঙ্গত, ইউনেপের আগের প্রতিবেদনের সাথে বিশ্লেষণ করলে দেখা যায় আগের চেয়ে ২০২২ সালে খাদ্য অপচয় বা খাদ্য উপাদান কিংবা তৈরি খাদ্য নষ্ট করার প্রবণতা বেড়েছে। ২০১৯ সালের গবেষণার ওপর ভিত্তি করে সংস্থাটি ২০২১ সালে যে রিপোর্ট দিয়েছিলো তাতে বলা হয়েছিলো যে একজন বাংলাদেশি বছরে ৬৫ কেজি খাদ্য উপাদান কিংবা তৈরি খাদ্য নষ্ট করেন। গবেষকরা বলছেন সাধারণভাবে খাবার সম্পূর্ণ না খেয়ে অপচয়টাই হলো ফুড ওয়েস্ট। আর ফুড লস হলো উৎপাদন বা আহরণের পর গ্রাহক পর্যায় পর্যন্ত না পৌঁছানো। সেটিও খাদ্য অপচয়ের মধ্যেই পরে। আবার যথাযথ সংরক্ষণের অভাবে কোন খাবার যদি নষ্ট হয়ে যায় তাহলে সেটি খাদ্য অপচয়ের আওতায় আসবে। এর মধ্যে ফুড লস হয় মাঠ পর্যায় থেকে গ্রাহকের হাতে আসা পর্যন্ত। আর ফুড ওয়েস্ট বা অপচয় হয় গ্রাহকের হাতে আসার পর।

মি. হাসানের সাথে গবেষণায় যুক্ত ছিলেন কৃষি বিশ্ববিদ্যালয়েরই আরেকজন গবেষক অধ্যাপক শাহেদ রেজা। তিনি মাছের উদাহরণ দিয়ে বলছেন ছোট মাছের ক্ষেত্রে বেশি ফুড লস হয়ে থাকে। "আমরা দেখেছি আহরণের পর থেকে গ্রাহক পর্যায়ে আসা পর্যন্ত সময়ে ছোট মাছের ক্ষেত্রে কেজি প্রতি ২৩ শতাংশ "লস" হচ্ছে। অর্থাৎ প্রতি কেজিতে তিন ভাগের এক ভাগ মাছ নানা কারণে নষ্ট হচ্ছে" বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। অধ্যাপক কামরুল হাসান বলছেন খাদ্য মন্ত্রণালয়ের সঙ্গে মিলে তারা যে গবেষণা করেছেন তাতে দেখা গেছে কমিউনিটি সেন্টারের মতো প্রতিষ্ঠানগুলোতে ৫-১৩ শতাংশ খাবার নষ্ট বা অপচয় হয়। "বাসাবাড়ি ও হোটেল রেস্টুরেন্টে অনেক খাবার নষ্ট হয়। আমরা গবেষণা পেয়েছি যে উচ্চ আয়ের বাসাগুলোতে সপ্তাহে একজন মানুষ দুই কেজির বেশি খাবার অপচয় করে থাকে" বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। মি. হাসানের নেতৃত্বে করা এস্টিমেশন অফ ওভারঅল ফুড লসেস অ্যান্ড ওয়েস্ট এট অল লেভেলস অফ দা ফুড চেইন শীর্ষক গবেষণায় উচ্চ আয়ের পরিবারগুলোতে খাদ্য অপচয় বেশী হয় আর কম হয় একেবারে গরীব পরিবারগুলোতে। তাছাড়া নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এ ক্যাটাগরির রেস্তোরাগুলোতেও সর্বোচ্চ ৪০ শতাংশ পর্যন্ত খাদ্য অপচয় হয়ে থাকে। সে তুলনায় বি ক্যাটাগরির রেস্তোরাঁয় কিছুটা কম নষ্ট হয়। প্রয়োজনের অতিরিক্ত অর্ডার দেয়া এবং সব খাবার একটু চেখে দেখার প্রবণতাই রেস্তোরাঁগুলোতে খাবার অপচয়ের বড় কারণ বলে ওই গবেষণায় বলা হয়েছে।

মূলত এসব কারণেই যুক্তরাষ্ট্র বা যুক্তরাজ্যের মতো উন্নত দেশগুলোর তুলনায় বাংলাদেশে খাদ্য অপচয় বেশি বলে ধারণা বাংলাদেশের গবেষকদের। তারা মনে করেন রেস্তোরাঁ বা কমিউনিটি সেন্টারের মতো প্রতিষ্ঠানগুলোতে বেশি নজরদারি বা মনিটরিংয়ের ব্যবস্থা থাকায় খাদ্য অপচয় প্রতিরোধে উন্নত দেশগুলো বাংলাদেশের চেয়ে ভালো করছে। বাংলাদেশে খাদ্য অপচয় বিষয়টি দেখার জন্য সুনির্দিষ্ট কোন কর্তৃপক্ষ নেই। বাংলাদেশের নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান জাকারিয়া বিবিসি বাংলাকে বলছেন যে খাদ্য অপচয় প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি ছাড়া তেমন কিছু তাদের করণীয় নেই। "আমরা ভোক্তা পর্যায়ে কেউ নষ্ট বা মানোত্তীর্ণ খাবার দিলে ব্যবস্থা নিতে পারি। কিন্তু কেউ খাদ্য নষ্ট করলে বা অপচয় করলে আমাদের কিছু করার আছে বলে এখনো জানা নেই" বিবিসি বাংলাকে তিনি বলছিলেন। যদিও ২০২৩ সালের জুন মাসে ঢাকায় দশম আন্তর্জাতিক নিরাপদ খাদ্য ফোরামের এক অনুষ্ঠানে `খাদ্য নিরাপদ এবং পুষ্টিকর রাখা, ক্ষতি রোধ করা, শীর্ষক আলোচনার আয়োজন করেছিলো বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশন বা আইএফসি। ওই আলোচনায় তখন বলা হয়েছিলো দেশে বছরে প্রায় এক কোটি টনের বেশি খাবার অপচয় হয় এবং বছরে জনপ্রতি ৬৫ কেজি খাবার কখনো খাওয়াই হয় না। খাদ্য অপচয়ের চেয়ে খাদ্য নষ্ট হওয়ার হার অনেক বেশি। যত খাদ্য নষ্ট হয় এর ৮৭ শতাংশই ঘটে উৎপাদন, মজুত, প্রক্রিয়া, বিতরণের সময় ও

বাজারে। তখন জানানো হয়েছিলো যে যত খাবার অপচয় হয় তার ৬১ শতাংশই বাড়িতে, ২৬ শতাংশ রেস্তোরাঁ থেকে আর বাকী খাবার অপচয় হয় খাদ্যশস্য যেখানে বিক্রি হয় অর্থাৎ বাজার কিংবা বিভিন্ন ধরনের দোকানে। তবে গবেষকরা বলছেন যে বাসা ও রেস্তোরাঁয় খাবার অপচয়ের মূল কারণ হলো- দরকারের চেয়ে বেশি রান্না করা, অতিরিক্ত খাবার কিনে তা ব্যবহার না করা এবং খাবার সংরক্ষণ যথাযথভাবে না করা। "আমাদের গবেষণায় খাবার অপচয় বা নষ্টের ক্ষেত্রে সার্বিকভাবে এসব কারণই উঠে এসেছিল,„ বলছিলেন অধ্যাপক শাহেদ রেজা।

(বিবিসি ওয়েব পেজ:৩০.০৩.২০২৪ রিহাব)

## কোন পথে এগুতে চাইছে জামায়াত?

বাংলাদেশে দ্বাদশ সংসদ নির্বাচনের রেশ কাটিয়ে ইস্যুভিত্তিক কর্মসূচির মাধ্যমে রাজনৈতিক তৎপরতা বাড়ানো আর `অনানুষ্ঠানিকভাবে, স্থানীয় সরকার নির্বাচনগুলোতে অংশ নেয়ার কৌশল নিয়ে এগুতে চাইছে দেশটির অন্যতম বিরোধী দল জামায়াতে ইসলামি। দলের বেশ কয়েকজন নেতার সঙ্গে কথা বলে আরও যে-সব ধারণা পাওয়া গেছে তা হলো, বিএনপিসহ যেসব রাজনৈতিক দল গত সাতই জুনের নির্বাচন বর্জন করেছে তাদের মধ্যকার `সুসম্পর্ক, বজায় রেখে `স্বতন্ত্র, বা পৃথকভাবে অগ্রসর হওয়ার কথা ভাবছে জামায়াত। "আওয়ামী লীগের মতো একটি কর্তৃত্ববাদী সরকারকে হটিয়ে ভোটের মাধ্যমে জনগণের সরকার প্রতিষ্ঠা এককভাবে কোন দলের পক্ষে সম্ভব নয়। তবে এ ইস্যুতে যে-সব দল একমত তাদের সাথে সুসম্পর্ক রেখেই আমরা নিজেদের মতো করে কর্মসূচি পালন করে যাবো। এরপর জনগণ যদি চায় সবাই মিলে এগিয়ে যাক তখন সেই পরিস্থিতি অনুযায়ী আমরা পদক্ষেপ নিবো,„ বিবিসি বাংলাকে বলছিলেন জামায়াতে ইসলামির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। দলের একজন মুখপাত্র মতিউর রহমান আখন্দ বলছেন, এখনই সরকার বিরোধী কোন আন্দোলনের পরিকল্পনা দলটির নেই। "আমরা সরকারকে সময় দিবো এবং সামনের জন্য প্রস্তুতি নিবো,„ বলছিলেন তিনি। এদিকে রাজনৈতিক এমন বিশ্লেষণের মধ্যেই শনিবার রাজনীতিকসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষের সম্মানে ইফতারের আয়োজন করেছে দলটি, যেখানে বিএনপিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের আমন্ত্রণ জানানো হয়েছে। এর আগে বৃহস্পতিবার বিএনপির ইফতারেও অংশ নিয়েছেন জামায়াতের আমীরসহ কয়েকজন নেতা। অনেকেই মনে করছেন এর মাধ্যমে দলটি গত নির্বাচনের আগে থেকেই একে অপরের সঙ্গে তৈরি হওয়া দূরত্ব কমিয়ে এনে নিজেদের মধ্যে যোগাযোগ বাড়াতে চাইছে জামায়াতে ইসলামি ও বিএনপি। যদিও এখনি `এক মঞ্চে আসা, কিংবা `জোট, করার কোন উদ্যোগ বা আগ্রহ কোনপক্ষেরই নেই বলে জামায়াত নেতারা জানিয়েছেন।

রাজনৈতিক বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক জোবাইদা নাসরীন বলছেন, তার ধারণা জামায়াত এখন জনসংযোগ হবে এমন নিয়মিত রাজনৈতিক কর্মসূচির দিকেই বেশি আগ্রহী হবে। "অনানুষ্ঠানিকভাবে হয়ত তারা এমন কর্মসূচিই হাতে নেবে যেখানে মানুষের কাছে যাওয়া যায় এবং একই সাথে বিএনপিকেও আশ্বস্ত করা যাবে যে সরকার বিরোধী আন্দোলনেও আছি,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। আদালতের একটি রায়ের ভিত্তিতে ২০১৮ সালের ডিসেম্বরে নির্বাচন কমিশন জামায়াতে ইসলামীর নিবন্ধন বাতিল করেছিলো। এরও আগে মুক্তিযুদ্ধকালীন মানবতাবিরোধী অপরাধের দায়ে শীর্ষ নেতাদের সাজা এবং প্রায় এক দশক প্রকাশ্য রাজনীতিতে অনুপস্থিতি এবং সরকারের নানামুখী চাপে থাকার পরেও বাংলাদেশের রাজনীতিতে বরাবরই একটা অবস্থান দেখা যায় দলটির। **১৯৯১** সালে জামায়াতের সমর্থনে এবং ২০০১ সালে জামায়াতকে জোটে নিয়েই সরকার গঠন করেছিলো বিএনপি। মূলত গত প্রায় চার দশকেরও বেশি সময় ধরে দলটি নিজেদের অস্তিত্বের স্বার্থে কখনো বিএনপি অথবা আওয়ামী লীগের সাথে এক ধরনের বোঝাপড়া করে রাজনীতি করে আসছিলো। তবে ২০০৯ সালে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর মানবতাবিরোধী অপরাধের দায়ে দলটির বেশ কিছু গুরুত্বপূর্ণ নেতার বিচার শুরুর পর থেকেই প্রকাশ্য রাজনীতিতে কোণঠাসা হতে শুরু করে দলটি। ২০১৪ সালের নির্বাচন বিএনপির সঙ্গে মিলে বর্জন করলেও পরে বিএনপির সঙ্গেও সম্পর্ক নানামুখী চাপে পড়ে গেলে ২০১৮ সালের নির্বাচনের পর জোট থেকেই সরে আসে দলটি। এবারের সংসদ নির্বাচনের আগে দলটি সভা সমাবেশের অনুমতি পেতে থাকলেও তা নিয়েও তখন নানা প্রশ্ন উঠেছিলো যে হঠাৎ কেন সরকার জামায়াতের প্রতি সদয় হলো। নির্বাচনের আগে বিএনপির সঙ্গে জোটে না থাকলেও নির্বাচন প্রত্যাখ্যান করে বিএনপির অনুরূপ কর্মসূচি ঘোষণা করে আসছিলো দলটি। নির্বাচনের পর দলটির আমির শফিকুর রহমান, সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার ও মুখপাত্র মতিউর রহমান আকন্দসহ অনেক নেতাই কারাগার থেকে বেরিয়ে এসেছেন। এরপর নতুন পরিস্থিতিতে দলের কৌশল কী হবে তা নিয়ে নানামুখী আলোচনা শুরু হয়েছে।

গত দশই মার্চ ঢাকায় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের দাবিতে মিছিলের কর্মসূচি নিয়ে নতুন করে রাজপথের কর্মসূচিও পালন করেছে দলটি। "আমরা এখন কোন জোটে নেই। তবে সাতই জানুয়ারির নির্বাচন যারা বর্জন করেছিলো তাদের সঙ্গে সুসম্পর্ক আছে। কেবল নির্বাচন হয়ে গেলো। আমরা এখন ইসলামপন্থি সংগঠন হিসেবে বিভিন্ন ইস্যুতে সক্রিয় হয়ে উঠব,„ বিবিসি বাংলাকে বলছিলেন দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। বিবিসি বাংলাকে তিনি জানান যে এ মুহূর্তে কোন জোটে যাওয়ার বা কোন আনুষ্ঠানিক মঞ্চে যাওয়ার পরিকল্পনা তাদেরকেই, বরং তারা নিজেদের

মতো করেই রাজনৈতিক কর্মসূচি নিয়ে এগুতে চান। তবে দলের নেতাদের সঙ্গে আলাপ করে জানা গেছে বিরোধী অন্য দলগুলোর সাথে যোগাযোগ রেখেই নিজেদের মতো কর্মসূচি পালন করলেও বিএনপির মতো স্থানীয় সরকার নির্বাচনগুলো পুরোপুরি বর্জনের চিন্তা নেই জামায়াতের মধ্যে। বরং সামনের উপজেলা নির্বাচনে দলের কিংবা দলের কোন ভালো অবস্থান যেখানে আছে সেখানে কেউ প্রার্থী হতে চাইলে দল থেকে বাধা দেয়া হবে না বলেই জানা যাচ্ছে। "দীর্ঘদিন সরকার আমাদের কোণঠাসা করে রেখেছে। আমাদের নেতাকর্মীদের ওপর সীমাহীন নিপীড়ন হয়েছে। এখন আমরা গণতান্ত্রিক পথেই সরকারের বিরুদ্ধে জনমত গঠনের কাজ চালিয়ে যাবো। সময় আসলে জনগণ যা চাইবে পরিস্থিতি বিবেচনা করে জামায়াত তেমন সিদ্ধান্তই নেবে,„ বলছিলেন মি. পরওয়ার।

বাংলাদেশের সংবাদমাধ্যমে প্রকাশিত খবরে বলা হয়েছে, জয়ের সম্ভাবনা আছে, এমন উপজেলাগুলোয় নির্বাচনের প্রস্তুতি নিচ্ছেন জামায়াতের সম্ভাব্য প্রার্থীরা। অঘোষিতভাবে স্বতন্ত্র প্রার্থী হিসাবে তারা নির্বাচনে অংশ নেবেন। রাজনৈতিক বিশ্লেষক জোবাইদা নাসরীন বলছেন তার কাছে মনে হচ্ছে জামায়াত ইস্যুভিত্তিক কর্মসূচির মাধ্যমে সংগঠনকে গোছানো এবং তার মাধ্যমে জনগণের কাছে পৌঁছানোর চেষ্টা করবে সামনের দিনগুলোতে। "অনেকদিন প্রায় নিষিদ্ধের মতো ছিল দলটির অবস্থা। সভা সমাবেশের অনুমতি পেতে শুরু করেছে নির্বাচনের আগে থেকে। এখন আমার মনে হয় ভারতীয় পণ্য বর্জনের মতো ইস্যুগুলোতে তাদের নেতাকর্মীরা অনানুষ্ঠানিকভাবে সক্রিয় হয়ে জনমত গঠনের কৌশল নিতে পারে,„ বলছিলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ:৩০.০৩.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### নসরুল হামিদঃ বিদ্যুৎ খাতে আঞ্চলিক সহযোগিতা বাড়াতে ত্রিপক্ষীয় চুক্তি জরুরি

বাংলাদেশের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, বিদ্যুৎ খাতে আঞ্চলিক সহযোগিতা বাড়ানো জরুরি। আর, এর জন্য বাংলাদেশ, ভারত ও নেপালের মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি অপরিহার্য। শনিবার (৩০ই মার্চ) রাজধানী ঢাকার বারিধারায়, নেপাল দূতাবাসে আয়োজিত এক সেমিনারে এ কথা বলেন তিনি। এ বিষয়ে আলোচনা চলছে বলে উল্লেখ করেন প্রতিমন্ত্রী। তিনি জানান, ভারত ও নেপালের কাছে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরের জন্য প্রস্তাব পাঠিয়েছে বাংলাদেশ। নেপাল ও বাংলাদেশের মধ্যে সঞ্চালন লাইন স্থাপন করা হলে, বিদ্যুৎ আমদানির পাশাপাশি রপ্তানি করা যাবে বললেন প্রতিমন্ত্রী নসরুল হামিদ। আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে সীমান্ত পেরিয়ে লাভজনক অংশীদারিত্ব গড়ে তোলা সম্ভব বলে উল্লেখ করেন তিনি। বলেন, সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে আমাদের অঞ্চলের সম্ভাবনাকে দ্রুত কাজে লাগানো যেতে পারে। আর, টেকসই উন্নয়ন ও অর্থনৈতিক সমৃদ্ধির জন্য প্রতিবেশী দেশগুলোর একসঙ্গে কাজ করা অপরিহার্য যোগ করেন নসরুল হামিদ। বাংলাদেশ প্রথম ভারত থেকে বিদ্যুৎ আমদানি করেছে বলে উল্লেখ করে জ্বালানি প্রতিমন্ত্রী বলেন, এখন ভারত থেকে প্রায় ২৬৬০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা হচ্ছে। ভারতীয় গ্রিড ব্যবহার করে বাংলাদেশের ভেড়ামারা এইচভিডিসি উপকেন্দ্রের অব্যবহৃত ক্ষমতার মাধ্যমে নেপাল থেকে ৪০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির প্রক্রিয়া প্রায় চূড়ান্ত হয়েছে বলে জানান নসরুল হামিদ। নেপালের জাতীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ (এনইএ) এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (বিপিডিবি) মধ্যে দাম নির্ধারণ প্রক্রিয়া শেষ পর্যায়ে রয়েছে বলে জানান তিনি। প্রতিমন্ত্রী হামিদ বলেন, নেপাল ও ভারতের কাছে বিদ্যুৎ বিক্রির সুযোগ নিয়ে নেপালের সানকোশি-৩ প্রকল্পে বিনিয়োগ করবে বিপিডিবি। এরই মধ্যে সম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে; দুপক্ষের মধ্যে আলোচনা চলছে বলে জানান প্রতিমন্ত্রী। জিএমআর প্রকল্পে ভারতীয় কোম্পানির যৌথ বিনিয়োগে উৎপাদিত বিদ্যুৎ বাংলাদেশে আমদানির বিষয়টি প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে জানিয়ে নসরুল হামিদ বলেন, বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট নেপালি প্রকৌশলীদের মানসম্মত প্রশিক্ষণ দিতে পারে। সৌর বিদ্যুৎ কেন্দ্র ও সোলার হোম সিস্টেম স্থাপনে বাংলাদেশ নেপালে সহায়তা করতে পারে, বলেন নসরুল হামিদ। বলেন, বাংলাদেশ থেকে বেসরকারি বিনিয়োগকারীরা নেপালের বিদ্যুৎ খাতে বিনিয়োগে আগ্রহী। তাদের উৎসাহিত করতে নেপালের উচিত বিশেষ প্রণোদনা ঘোষণা করা, বলেন বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ। বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারি তার বক্তব্যে বলেন, সাম্প্রতিক বছরগুলোতে নেপালে বিনিয়োগের পরিবেশ আরো উদার ও ব্যবসাবান্ধব সহয়েছে। বাংলাদেশের সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক জোরদার করা নেপালের অগ্রাধিকার তালিকায় রয়েছে বলে উল্লেখ করেন তিনি। আরো বলেন, বিশেষ করে বিদ্যুৎ খাতে দক্ষিণ-পূর্ব এশিয়ায় প্রথমবারের মতো এই দুই দেশ পরিবেশবান্ধব জলবিদ্যুৎ নিয়ে বাণিজ্যের পথে অনেক দূর এগিয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন নেপাল ইনভেস্টমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা সুশীল ভাট্টা। (ভোয়া ওয়েব পেজ: ৩০.০৩.২০২৪ রুবাইয়া)

### জিম্মি এমভি আব্দুল্লাহঃ ইদের আগে নাবিকদের মুক্ত করা নিয়ে সংশয়

সোমালিয়ার জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আব্দুল্লাহ এবং এর ২৩ নাবিককে ইদের আগে মুক্ত করা নিয়ে সংশয় দেখা দিয়েছে। ইদের আগে জিম্মিদের উদ্ধার করে দেশে ফিরিয়ে আনা হচ্ছে বলে বিভিন্ন গণমাধ্যমে খবর প্রকাশিত হয়। আর, এ তথ্য সঠিক নয় বলে জানিয়েছে এমভি আবদুল্লাহ,র মালিক কবির গ্রুপের

(কেএসআরএম) অঙ্গপ্রতিষ্ঠান এসআর শিপিং কর্তৃপক্ষ। শনিবার (৩০ মার্চ) দুপুরে কেএসআরএম মিডিয়া উপদেষ্টা মিজানুল ইসলাম বলেন, ইদের আগে জিম্মিদের মুক্ত করতে জোর প্রচেষ্টা চলছে। দস্যুদের প্রতিনিধির সঙ্গে প্রতিদিন কথা হচ্ছে বলে জানান তিনি। মিজানুল ইসলাম আরো বলেন, আলোচনার অগ্রগতি হচ্ছে। তবে ইদের আগে মুক্ত হবে কি না তা নিশ্চিত করে বলা যাচ্ছে না। পূর্ব অভিজ্ঞতা থেকে বলা যায়, ইদের আগে জিম্মিরা মুক্তি পেলেও, তারা ইদের আগে দেশে ফিরতে পারবেন না তিনি যোগ করেন। কারণ হিসেবে কেএসআরএমের এই কর্মকর্তা জানান, দেশে ফিরিয়ে আনার জন্য বেশ কিছু কাজ বাকি রয়েছে। সে কাজ সম্পন্ন করে দেশে ফিরতে তাদের ২৫-৩০ দিন সময় লাগবে। প্রকৃত সত্য হচ্ছে, ইদের আগে নাবিকদের মুক্ত করা কঠিন তিনি বলেন। এদিকে, সোমালিয়ার গদভজিরান জেলার জিফল উপকূল থেকে দেড় নটিক্যাল মাইল দূরে প্রায় ৩ সপ্তাহ ধরে জিম্মি থাকা জাহাজটিতে মজুদ খাবার পানি ফুরিয়ে আসছে বলে জানা গেছে। জিম্মি হওয়ার আগে ২০০ টন বিশুদ্ধ পানি মজুদ ছিলো জাহাজে। এখন নাবিকদের রেশনিং করে পানি সরবরাহ করা হচ্ছে। জাহাজের মালিকপক্ষ জানিয়েছে এমভি আবদুল্লাহকে জিম্মি করার সময় জাহাজটিতে নাবিকদের জন্য প্রায় ২৫ দিনের হিমায়িত খাবার মজুদ ছিলো। তবে, অনেক দিনের জন্য শুকনা খাবার মজুদ রয়েছে। উল্লেখ্য, মোজাম্বিক থেকে ৫৫ হাজার টন কয়লা নিয়ে দুবাইয়ে যাওয়ার পথে ১২ মার্চ দুপুর দেড়টার দিকে জলদস্যুদের কবলে পড়ে বাংলাদেশি পতাকাবাহী জাহাজ এমভি আবদুল্লাহ।
(ভোয়া ওয়েব পেজঃ ৩০.০৩.২০২৪ রুবাইয়া)

## নিউইয়র্ক পুলিশের গুলিতে বাংলাদেশি নিহত হওয়ার ঘটনার তদন্ত চলছে, জানালেন হাছান মাহমুদ

সম্প্রতি যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির কুইন্স এলাকায় পুলিশের গুলিতে বাংলাদেশি তরুণ নিহত হওয়ার ঘটনার তদন্ত হচ্ছে বলে জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। শনিবার (৩০ই মার্চ) দুপুরে রাজধানী ঢাকায় আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ তথ্য জানান তিনি। হাছান মাহমুদ বলেন, যুক্তরাষ্ট্রে পুলিশের গুলিতে নিহত বাংলাদেশি যুবক উইন রোজারিওর বাসায় গিয়ে পরিবারের সঙ্গে দেখা করেছেন নিউইয়র্কে নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল। পরিবারের সঙ্গে কথা বলে যা অনুধাবন করা গেছে তা হলো, পুলিশের গুলি করার প্রয়োজন ছিল না। এট অত্যন্ত দুঃখজনক। আমরা এ ঘটনায় দুঃখ প্রকাশ করেছি এবং এর তদন্ত হচ্ছে যোগ করেন বাংলাদেশর পররাষ্ট্রমন্ত্রী। তদন্তে পুলিশের অতিরিক্ত প্রতিক্রিয়া বা দোষ প্রমাণিত হলে কর্তৃপক্ষ অবশ্যই উপযুক্ত ব্যবস্থা নেবেন বলে আশা প্রকাশ করেন হাছান মাহমুদ।

**জিম্মি জাহাজ প্রসঙ্গ**

আরেক প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ জানান যে, সোমালি জলদস্যুদের কবল থেকে নাবিকদের নিরাপদে উদ্ধার ও জিম্মি জাহাজ এমভি আব্দুল্লাহকে মুক্ত করার জন্য সোমালিদের সঙ্গে যোগাযোগ চলছে। খুব শিগগিরই আলোচনার মাধ্যমে এর সমাধান হবে আশা করি বলেন হাছান মাহমুদ। তিনি আরো জানান, বাংলাদেশি নাবিকরা সবাই কেবিনে আছেন, ভালো আছেন। তাদের ওপর জলদস্যুরা কোনো নির্যাতন করছে না বলেও জানান তিনি।

**মিয়ানমারের সামরিক সদস্য**

বাংলাদেশে ঢুকে পড়া মিয়ানমারের সামরিক সদস্যদের ফেরত পাঠানো প্রসঙ্গেও সাংবাদিকদের সঙ্গে কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। তিনি জানান, মিয়ানমারের মেজর, ক্যাপ্টেন ও সার্জেন্ট র‍্যাংকের তিন সামরিক সদস্য নতুন করে বাংলাদেশে প্রবেশ করেছেন। তারা বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) হেফাজতে আছেন। এই তিনজন এবং বাংলাদেশে আগে ঢুকে পড়া মিয়ানমারের সব সামরিক সদস্যকে খুব শিগগিরই নৌপথে ফেরত পাঠানো হবে জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। (ভোয়া ওয়েব পেজঃ ৩০.০৩.২০২৪ রুবাইয়া)

## ডব্লিউটিও,র নীতি অনুযায়ী শুল্ক কাঠামো সমন্বয়ের উদ্যোগ নিয়েছে বাংলাদেশ

বৈশ্বিক বাণিজ্য নীতি অনুযায়ী শুল্ক কাঠামো সমন্বয়ের উদ্যোগ নিয়েছে বাংলাদেশের জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। একটি সরকারি নথিতে এই তথ্য পাওয়া গেছে। এনবিআরের কৌশলের মধ্যে রয়েছে দেশের রপ্তানি প্রতিযোগিতাকে এগিয়ে নেয়ার সময়, দেশীয় খাতের সুরক্ষাকে অগ্রাধিকার দিয়ে একটি সতর্ক ভারসাম্যমূলক আইন প্রণয়ন করা। ইতোমধ্যেই বাংলাদেশের শুল্ক কাঠামোর একটি বিস্তৃত পর্যালোচনা কার্যক্রম গ্রহণ করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। পর্যালোচনার জন্য ৬০ টি শুল্ক-সীমা চিহ্নিত করা হয়েছে। পর্যালোচনায় অন্তর্ভুক্ত শুল্ক-সীমায় এখন যে আমদানি-রপ্তানি শুল্ক ও সংশ্লিষ্ট মাশুল রয়েছে তা বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) চুক্তিতে প্রতিষ্ঠিত নির্ধারিত হারকে ছাড়িয়ে গেছে। প্রাথমিক পদক্ষেপের অংশ হিসেবে ছয়টি পণ্যের ওপর শুল্ক কমানো হয়েছে। যা আন্তর্জাতিক মানের সঙ্গে বাণিজ্য প্রক্রিয়াকে সামঞ্জস্যপূর্ণ করতে বাংলাদেশের প্রতিশ্রুতির ইঙ্গিত দেয়।সরকারি নথি মতে, এই পদক্ষেপের মাধ্যমে, ২০২৬ সালের মধ্যে ডব্লিউটিও-সম্মত নির্ধারিত শুল্কের মধ্যে আনা হবে বাংলাদেশের শুল্ক-সীমা। আর, ধীরে ধীরে শুল্ক হারগুলো সামঞ্জস্যপূর্ণ করার পরিকল্পনা করছে এনবিআর। নির্ধারিত ট্যারিফ সর্বাধিক সুবিধাপ্রাপ্ত দেশ (এমএফএন) শুল্ক হারের প্রতিনিধিত্ব করে। এটি এমন একটি সর্বোচ্চ সীমা যা প্রয়োগ করা শুল্ক অতিক্রম করতে পারে না। এই নিয়ন্ত্রক কাঠামো নিশ্চিত করে যে বাণিজ্য নীতিগুলো অনুমানযোগ্য এবং স্থিতিশীল যা ব্যবসায়ী এবং

বিনিয়োগকারীদের সুরক্ষা দেয়। সদস্য দেশগুলো সাধারণত ডব্লিউটিও-তে যোগদানের সময় বা পরবর্তী বাণিজ্য আলোচনার সময় বেধে দেয়া শুল্ক নিয়ে আলোচনা করে। আর নীতির নমনীয়তা বজায় রাখতে এই হার তাদের প্রয়োগ করা শুল্কের চেয়ে বেশি নির্ধারণ করে। তবে, যথাযথ সমন্বয় ছাড়া নির্ধারিত শুল্ক হার, ডব্লিউটিও-তে প্রতিশ্রুত হার অতিক্রম করলে, তা আন্তর্জাতিক বিরোধ এবং ক্ষতিপূরণের দাবির দিকে নিয়ে যেতে পারে। বাংলাদেশের পুনর্বিন্যাস প্রচেষ্টা ডব্লিউটিও সদস্যদের মধ্যে বিরাজমান বিস্তৃত প্রবণতাকে প্রতিফলিত করে। চলমান প্রবণতায় উন্নত উন্নয়নশীল এবং রূপান্তরিত অর্থনীতিগুলো নির্ধারিত শুল্ক হারের সঙ্গে আমদানির অনুপাতকে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করেছে; যা বিশ্ব বাজারের স্থিতিশীলতা বাড়িয়েছে। এদিকে, বাংলাদেশ সরকার ন্যূনতম আমদানি মূল্যের প্রয়োজনীয়তা দূর করার সিদ্ধান্ত নিয়েছে বলে নথি থেকে জানা গেছে। ইতোমধ্যেই, ৫৫টি আইটেম থেকে অসামঞ্জস্যপূর্ণ হার সরানো হয়েছে।অন্যদিকে, ২০২৬ সালের মধ্যে অবশিষ্ট ১৩০ টি পণ্য থেকে অসামঞ্জস্যপূর্ণ হার পুরোপুরি বাদ দেয়ার কৌশলগত পরিকল্পনা নেয়া হয়েছে। এই পদক্ষেপের লক্ষ্য হলো, আমদানি প্রক্রিয়া সহজতর করা এবং আরো প্রতিযোগিতামূলক বাজার-পরিবেশকে উৎসাহিত করা। নথিতে শুল্ক হ্রাসের বিষয়ে সতর্ক দৃষ্টিভঙ্গির রূপরেখা দেয়া হয়েছে। এর কারণ হলো, স্থানীয় শিল্পকে বিরূপ প্রভাব থেকে রক্ষা করা এবং রাজস্ব সংগ্রহ শক্তিশালী রাখা নিশ্চিত করা। এনবিআরের কৌশলের মধ্যে রয়েছে দেশের রপ্তানি প্রতিযোগিতাকে এগিয়ে নেয়া এবং দেশীয় খাতের সুরক্ষাকে অগ্রাধিকার দেয়া। কাস্টমস শুল্ক ব্যবস্থায় এই ক্রমবর্ধমান সমন্বয় এবং ন্যূনতম আমদানি মূল্য বিলুপ্তির এই পদক্ষেপের অর্থ হলো বাংলাদেশ বিশ্ব বাণিজ্য ব্যবস্থায় নিরবচ্ছিন্নভাবে তার অবস্থান সংহত করতে চায়।
(ভোয়া ওয়েব পেজ: ৩০.০৩.২০২৪ রুবাইয়া)

## বুয়েটে ক্যাম্পাসে ছাত্রলীগের কার্যক্রমের প্রতিবাদে শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্রলীগ কর্মীদের কর্মকাণ্ডের বিরুদ্ধে শনিবার (৩০ মার্চ) বিক্ষোভ অব্যাহত রেখেছেন শিক্ষার্থীরা। টানা দ্বিতীয় দিন সব ধরনের অ্যাকাডেমিক কার্যক্রম বর্জন করেছেন শিক্ষার্থীরা। নিষেধাজ্ঞা উপেক্ষা করে ক্যাম্পাসে আবার ছাত্র রাজনীতি সক্রিয় করার চেষ্টাকারী শিক্ষার্থীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানান আন্দোলনরত শিক্ষার্থীরা। শনিবার সকালে তারা ড. এম এ রশিদ প্রশাসনিক ভবনের সামনে সমবেত হয়ে ছাত্র রাজনীতি চালুর বিরুদ্ধে স্লোগান দেন।বুয়েটের শেরেবাংলা হলের ২০১১ নম্বর কক্ষে, ২০১৯ সালের ৭ অক্টোবর, তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আবরার ফাহাদকে পিটিয়ে হত্যা করে ছাত্রলীগের কয়েকজন নেতা-কর্মী। এরপর ১১ অক্টোবর ছাত্র রাজনীতি নিষিদ্ধ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সাধারণ শিক্ষার্থীদের আন্দোলনের মুখে বুয়েট কর্তৃপক্ষ সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২১ তম ব্যাচের শিক্ষার্থী ও ছাত্রলীগের কেন্দ্রীয় সদস্য ইমতিয়াজ রহিম রাব্বির আবাসিক হলের আসন বরাদ্দ বাতিল করে। তবে, শিক্ষার্থীদের দাবি অনুযায়ী তাকে বহিষ্কারের বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে, আবার রাজনৈতিক কর্মকাণ্ড শুরু করার সঙ্গে যে-সব শিক্ষার্থী জড়িত বলে শনাক্ত হয়েছে তাদেরও বহিষ্কারের দাবি জানায় আন্দোলনকারীরা। শনাক্ত শিক্ষার্থীরা হলেন; এ এস এম আনাস ফেরদৌস (আইডি: ১৮১৮০০৪), মোহাম্মদ হাসিন আরমান নিহাল (আইডি: ২১০৬১০১), অনিরুদ্ধ মজুমদার (আইডি: ২১০৬০৭৯), জহিরুল ইসলাম ইমন (আইডি: ২১১২০৩১) এবং সায়েম মাহমুদ সাজেদীন রিফাত (আইডি: ২১০৬১২৬)। এদিকে, মধ্যরাতে ছাত্রলীগের নেতা-কর্মীদের প্রবেশ এবং রাজনৈতিক উদ্দেশ্যে সেমিনার কক্ষ ব্যবহারের বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অবস্থান স্পষ্ট করার দাবি জানিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা।অন্যদিকে, দায়িত্ব পালনে ব্যর্থতা ও বিশ্ববিদ্যালয়ের নিয়ম নীতি লঙ্ঘনের' অভিযোগে ছাত্রকল্যাণ পরিষদের পরিচালকের পদত্যাগ দাবি করেছেন শিক্ষার্থীরা। আগামী ৩১ই মার্চ পর্যন্ত অ্যাকাডেমিক কার্যক্রম বর্জন করার ঘোষণা দেন তারা। এর আগে, শুক্রবার (২৯ই মার্চ) আন্দোলনরত শিক্ষার্থীদের দাবির বিষয়ে তদন্ত করা হবে বলে আশ্বাস দিয়েছে বুয়েট কর্তৃপক্ষ।
(ভোয়া ওয়েব পেজ: ৩০.০৩.২০২৪ রুবাইয়া)

## মঈন খান: আওয়ামী লীগ দেশে ভিন্নমত প্রকাশের সুযোগ দিচ্ছে না

ক্ষমতাসীন আওয়ামী লীগ বাংলাদেশে ভিন্নমত প্রকাশের সুযোগ দিচ্ছে না বলে অভিযোগ করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। শনিবার (৩০ই মার্চ) জাতীয়তাবাদী যুবদলের কারাগারে আটক নেতা রবিউল ইসলাম নয়নের বাসায় যান মঈন খান। এ সময় তিনি এ অভিযোগ করেন। এটা স্বাভাবিক যে বাংলাদেশের কিছু লোক আওয়ামী লীগকে সমর্থন করবে; কেউ বিএনপি বা অন্য কোনো দলের পক্ষ নেবে। বাংলাদেশ গণতন্ত্রের জন্য লড়াই করেছে। কিন্তু দেশে এখন তা অনুপস্থিত। এ অবস্থায় আমরা কীভাবে বাঁচব যোগ করেন মঈন খান। রাজনৈতিক বিশ্বাসের কারণে নয়নের স্ত্রী ও পরিবারের সদস্যদের কীভাবে হয়রানি করা হচ্ছে সে বিষয় তুলে ধরেন তিনি। পরিবারটিকে অন্য কোথাও যেতে দেয়া হচ্ছে না জানিয়ে মঈন খান বলেন পুলিশ তাদের প্রতিনিয়ত হুমকি দিচ্ছে। মঈন খান আরো বলেন বিরোধী দলের সদস্যদের ওপর দমন-পীড়ন বন্ধ করতে সরকারের প্রতি আহ্বান জানাচ্ছি। জনগণ এখন গণতন্ত্র, ভোটের অধিকার ও বাক স্বাধীনতার জন্য লড়াই করছে বলে উল্লেখ করেন তিনি। ড. খান বলেন,আমরা সরকারের কাছে দাবি জানাচ্ছি, একটি অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের পথ সুগম

করুন এবং দেশে জনগণের মৌলিক অধিকার নিশ্চিত করুন। তিনি বলেন, বাংলাদেশের জনগণ ২০১৪ ও ২০১৮ সালের মতো ৭ জানুয়ারির জাতীয় সংসদ নির্বাচনকে প্রত্যাখ্যান করেছে। ”জনগণের ভালোবাসা নিয়ে আওয়ামী লীগকে ক্ষমতায় যেতে হলে গণতন্ত্র নিশ্চিত করতে হবে, বাকস্বাধীনতা দিতে হবে, ভোটের অধিকার নিশ্চিত করতে হবে; যার জন্য ১৯৭১ সালে মুক্তিযোদ্ধারা জীবন দিয়েছিলেন আরো বলেন মঈন খান। আমরা একটি স্বাধীন সমাজে বাস করতে চাই, যার জন্য আমরা পাকিস্তান থেকে আলাদা হয়েছি। বাংলাদেশের মানুষ এটাই চায় তিনি যোগ করেন। সাংবাদিকের এক প্রশ্নের জবাবে ড. মঈন বলেন, বিএনপি বিদেশিদের সমর্থনে নয়, জনগণের ভোটে ক্ষমতায় যাওয়ার জন্য লড়াই করছে। (ভোয়া ওয়েব পেজ: ৩০.০৩.২০২৪ রুবাইয়া)

### ওবায়দুল কাদের: গণতান্ত্রিক আদর্শ বাস্তবায়নে প্রধান বাধা বিএনপি

এদিকে, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, অগণতান্ত্রিক কর্মকাণ্ডের জন্য বিএনপি নেতাদের জাতির কাছে নিঃশর্ত ক্ষমা চাওয়া উচিত। বুধবার (২৭ই মার্চ) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ কথা বলেন তিনি। ওবায়দুল কাদের আরো বলেন, এদেশে গণতান্ত্রিক আদর্শ বাস্তবায়নে বিএনপি প্রধান বাধা। স্বৈরশাসনের গর্ভে জন্ম নেয়া বিএনপি মহান মুক্তিযুদ্ধ ও গণতন্ত্রের আদর্শ ও মূল্যবোধকে ধ্বংস করার অপচেষ্টা অব্যাহত রেখেছে বলে অভিযোগ করেন ওবায়দুল কাদের। তিনি বলেন, বিএনপি নেতাদের উচিত অগণতান্ত্রিক কর্মকাণ্ডের জন্য জাতির কাছে নিঃশর্ত ক্ষমা চাওয়া। কিন্তু তারা তা না করে বরাবরের মতো অসৎ উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য দিচ্ছেন বলেন ওবায়দুল কাদের। গণতন্ত্রের প্রতি বিএনপির কোনো দায়বদ্ধতা নেই বলে উল্লেখ করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। ওবায়দুল কাদের বলেন, বিএনপি মূলত দেশকে তারেক রহমানের দুঃশাসনের যুগে ফিরিয়ে নিতে চায়। ২০০১ সালের পর বিএনপি-জামায়াত জোট সরকারের সময় আওয়ামী লীগের প্রায় ২১ হাজার নেতাকর্মীকে হত্যা করা হয়েছে বলেন ওবায়দুল কাদের। এই অপশক্তির বিরুদ্ধে এ দেশের গণতান্ত্রিক ও দেশপ্রেমিক নাগরিক সমাজ আজ ঐক্যবদ্ধ যোগ করেন ওবায়দুল কাদের। বিএনপি নেতাদের বক্তব্য মিথ্যাচার ও অসৎ উদ্দেশ্য প্রণোদিত বলে উল্লেখ করে, এর নিন্দা ও প্রতিবাদ জানান আওয়ামী লীগ সাধারণ সম্পাদক।
(ভোয়া ওয়েব পেজ: ৩০.০৩.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### ৭১'র মতো ভারত আমাদের পাশে দাঁড়িয়েছে: কাদের

বাংলাদেশ আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বাংলাদেশের নির্বাচন নিয়ে দেশি-বিদেশি অশুভ ষড়যন্ত্রের খেলায় একাত্তরের মতো ভারতসহ কিছু বন্ধু এবারও আমাদের পাশে দাঁড়িয়েছে। আজ বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে এক মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। ওবায়দুল কাদের বলেন, ভারত আমাদের পাশে দাঁড়িয়েছে। এটা হলো ভারতের অপরাধ। সব কিছু হারিয়ে বিএনপি এখন ভারত বিরোধিতায় নেমেছে। অ্যান্টি ইন্ডিয়া ক্যাম্পেইন।
এদিকে, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বা বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন, সরকার আজকে ভিন্নমত প্রকাশের সুযোগ দিচ্ছে না। আমাদের দেশ স্বাধীন হয়েছিল গণতন্ত্রের জন্য। কিন্তু সরকার মুক্তিযুদ্ধের চেতনা থেকে দূরে সরে দেশে একদলীয় বাকশাল কায়েম করেছে। এটা সারা দুনিয়া বলছে। তাহলে আমরা এদেশে কীভাবে বাস করব? (রেডিও তেহরান: ২০৩০ ঘ. ৩০.০৩.২০২৪ রুবাইয়া)

### পালিয়ে এলেন মিয়ানমারের আরও ৩ সেনাসদস্য

মিয়ানমার সেনাবাহিনীর আরও তিন সদস্য পালিয়ে বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম সীমান্ত এলাকায় আশ্রয় নিয়েছেন। আজ (শনিবার) ভোর পাঁচটার দিকে সশস্ত্র অবস্থায় তারা কোনারপাড়ার সীমান্ত দিয়ে ঢুকে প্রথমে এক বাড়িতে আশ্রয় নেন। পরে স্থানীয় লোকজন তাঁদের পাশের বিজিবি সীমান্তচৌকির হাতে তুলে দেন। বিজিবির কক্সবাজার সেক্টর ও রিজিয়নের কর্মকর্তারা বিষয়টি নিশ্চিত করেছেন। প্রাথমিকভাবে তাদের থেকে জানা গেছে, রাখাইন রাজ্যের বিদ্রোহী আরাকান আর্মি উত্তর মংডুর মেইদেন এলাকায় তাঁদের ক্যাম্পে আক্রমণ চালিয়ে ক্যাম্পের অধিকাংশ সদস্যকে হত্যা করেছে। তারা তিনজন কোনোমতে পালিয়ে জঙ্গলে জঙ্গলে ঘুরে অবশেষে বাংলাদেশে এসে পৌঁছেছেন। এর আগে মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ (বিজিপি) ও শুল্ক বিভাগের ১৭৭ সদস্য পালিয়ে বাংলাদেশে এসে আশ্রয় নেন। তাঁদের এখন নাইক্ষ্যংছড়ি বিজিবি ব্যাটালিয়ন সদর দপ্তর এলাকায় রাখা হয়েছে।
(রেডিও তেহরান: ২০৩০ ঘ. ৩০.০৩.২০২৪ রুবাইয়া)

## এনএইচকে

### দেশে প্রবেশের আগে অনুমতি লাভের জন্য বিদেশি ভ্রমণকারীদের প্রাক-প্রবেশ পরীক্ষা করবে জাপান

দেশে সন্ত্রাসীদের প্রবেশ রোধ এবং দেশত্যাগ করার অভিবাসন প্রক্রিয়ার সময় হওয়া ভিড় সহজ করে নিতে জাপানের অভিবাসন কর্তৃপক্ষ নতুন একটি ব্যবস্থা পরীক্ষা করে দেখবে। অভিবাসন পরিষেবা এজেন্সি, আগামী এপ্রিলে শুরু হতে

যাওয়া নতুন অর্থবছরে পরীক্ষামূলকভাবে প্রাক-পরীক্ষা ব্যবস্থার প্রবর্তন করবে। এই ব্যবস্থার অধীনে বিভিন্ন এয়ারলাইন্স, বিমানবন্দরে চেক-ইন প্রক্রিয়া চলাকালীন জাপানের উদ্দেশ্যে রওয়ানা হতে যাওয়া বিদেশি পর্যটকদের পাসপোর্ট'সহ বিভিন্ন উপাত্ত অভিবাসন কর্মকর্তাদের সরবরাহ করবে। অভিবাসন কর্মকর্তারা, একটি ডাটাবেসের সাথে এসব তথ্য মিলিয়ে দেখবেন। সন্ত্রাসী হিসাবে চিহ্নিত বিদেশি ভ্রমণকারী, জাপানে বা অন্য কোথাও এক বছর বা বেশি সময় যারা কারাদণ্ড ভোগ করেছেন, কিংবা জাপানে অবৈধভাবে থেকে যাওয়ার অভিযোগে যারা অভিযুক্ত হয়েছেন, সেরকম বিদেশি ভ্রমণকারীদের দেশে প্রবেশের অনুমতি দেয়া হবে না। পরবর্তীতে এসকল তথ্য এয়ারলাইন্সগুলোকে অবহিত করা হবে এবং তারা সেরকম পর্যটকদের ফ্লাইটে চড়ার অনুমতি দেয়া দেয়া হবে কিনা, সে বিষয়ে সিদ্ধান্ত নিতে পারবে। এজেন্সির কর্মকর্তাদের ভাষ্যমতে, কোনো কোনো বছর প্রায় ১০ হাজার বিদেশি ভ্রমণকারীকে জাপানে আগমনের পর প্রবেশের অনুমতি দেয়া হয়নি। তারা জানান যে, দেশে ফিরে যেতে অস্বীকৃতি জানানো পর্যটকদের রাষ্ট্রীয় খরচে ফেরত পাঠানো হয়। যুক্তরাষ্ট্র, দক্ষিণ কোরিয়া'সহ অন্যান্য দেশ ইতোমধ্যে এই ব্যবস্থা চালু করেছে। (এনএইচকে ওয়েব পেজ: ৩০.০৩.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ছাত্রলীগের বিরুদ্ধে আবারো উত্তাল বুয়েট

গভীর রাতে ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাদের প্রবেশ নিয়ে উত্তাল হয়ে উঠেছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। সাধারণ শিক্ষার্থীরা ছাত্রলীগের নেতাদের প্রবেশকে কোনোভাবেই মেনে নিতে পারেনি। সাধারণ শিক্ষার্থীদের এই আন্দোলনের পর প্রশ্ন উঠেছে তাদের এই ক্ষোভ কি ছাত্রলীগের বিরুদ্ধে নাকি ছাত্ররাজনীতির বিরুদ্ধে? যদিও শিক্ষার্থীরা বলছেন, রাজনীতির বিরুদ্ধেই তাদের এই ক্ষোভ। তবে এই আন্দোলনের পেছনে ষড়যন্ত্র দেখছে ছাত্রলীগ। তারা বলছেন, ``পেছনে জামাত-শিবির কলকাঠি নাড়ছে।,, গত ২৭ই মার্চ রাত ১টার দিকে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতির নেতৃত্বে ক্যাম্পাসে প্রবেশ করেন একদল নেতাকর্মী। এর প্রতিবাদে টানা দ্বিতীয় দিনের মতো শনিবার বিক্ষোভ করছেন শিক্ষার্থীরা। বিক্ষোভের জেরে শুক্রবার ২১ ব্যাচের শিক্ষার্থী ও কেন্দ্রীয় ছাত্রলীগের সদস্য ইমতিয়াজ রাহিম রাব্বিকে সাময়িক বহিষ্কার করেছে বুয়েট প্রশাসন। তাতেও সন্তুষ্ট না হয়ে রাব্বিসহ ৬ শিক্ষার্থীকে শনিবার দুপুর ২টার মধ্যে স্থায়ী বহিষ্কারের দাবিতে বিক্ষোভ করছেন শিক্ষার্থীরা। রোববার সকাল থেকে আবারও বিক্ষোভের ঘোষণা দেন শিক্ষার্থীরা। বিক্ষোভ চলাকালে শিক্ষার্থীরা বিভিন্ন দাবি ও স্লোগান লেখা প্ল্যাকার্ড প্রদর্শন করেন। তারা `এক দুই তিন চার, ডিএসডব্লিউ গদি ছাড়,, `আমি কে তুমি কে, আবরার আবরার,, `বুয়েট বাঁচাও বুয়েট বাঁচাও, ইত্যাদি স্লোগান দেন। শিক্ষার্থীদের দাবির সঙ্গে `সহমত পোষণ, করে তদন্ত প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন উপাচার্য সত্য প্রসাদ মজুমদার। তিনি বলেছেন, শিক্ষার্থীদের দাবি পূরণ করার জন্য যা যা করার, করা হয়েছে। তদন্ত প্রতিবেদন এলে আমরা নিয়ম অনুযায়ী ব্যবস্থা নেব। নিয়মের মধ্যে সবকিছু করার জন্য সময়ের প্রয়োজন। বুয়েট ক্যাম্পাসে কেন গেলেন? জানতে চাইলে ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ডয়চে ভেলেকে বলেন, ``আমি ওই দিক দিয়েই যাচ্ছিলাম। এর মধ্যে পরিচিত কয়েকজনের সঙ্গে দেখা হল। তাদের সঙ্গে শহিদ মিনারে দাঁড়িয়ে কথা বলছিলাম। এসময় বৃষ্টি আসলে আমি ক্যাফেটেরিয়াতে গিয়ে বসি। অল্প কিছুক্ষণের মধ্যেই আমি সেখান থেকে চলে এসেছি। এখন কথা হচ্ছে, বুয়েট তো আর নিষিদ্ধ জায়গা না যে, সেখানে আমরা যেতে পারব না। সেখানে অবশ্যই আমি কোনো রাজনৈতিক কর্মসূচি পালন করতে যাইনি।,, শুধু আপনার প্রবেশের কারণেই কি সাধারণ শিক্ষার্থীরা এত ক্ষুব্ধ? জানতে চাইলে তিনি বলেন, ``আসলে নন-ইস্যুকে ইস্যু বানিয়ে আন্দোলন করা হচ্ছে। সেখানে প্রকাশ্য রাজনীতি বন্ধ থাকায় শিবির আর হিযবুত তাহরীর অন্ধকারে তৎপরতা চালাচ্ছে। রাজনীতি করা তো প্রতিটি মানুষের সাংবিধানিক অধিকার। সেখানে ১৭ই মার্চ বঙ্গবন্ধু জন্মদিন পালন পালন করলে, ২৬ই মার্চ পালন করলে হেনস্থা হতে হচ্ছে। এগুলোও যারা করছেন, তদন্ত করে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নিতে হবে। আমরা চাই সেখানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় থাকুক।,,

শিক্ষার্থীদের এই আন্দোলন নিয়ে অন্তত ৬ জন শিক্ষার্থীর সঙ্গে কথা হয়েছে ডয়চে ভেলের। এর মধ্যে ৫ জনই নিজের নাম পরিচয় প্রকাশ করে বক্তব্য দিতে চাননি। শুধুমাত্র বুয়েটের ১৭ ব্যাচের শিক্ষার্থী তাহমিদ হোসেন নিজের পরিচয় দিয়ে কথা বলেছেন। তিনি বলেন, ``আমাদের এই আন্দোলন ছাত্রলীগের বিরুদ্ধে নয়। এই আন্দোলন ছাত্ররাজনীতির বিরুদ্ধে। ছাত্ররাজনীতি নিয়ে আমাদের ভালো কোনো অভিজ্ঞতা নেই। শুধু এবারের ঘটনাটি নয়, মাসখানেক আগেও তারা খিচুরি খেয়েছে। সেটা প্রশাসনের নজরে আনা হয়েছে। কিন্তু প্রশাসন কোনো ব্যবস্থা নেয়নি। এ কারণে এবার প্রশাসনের কোনো আশ্বাসে ভরসা পাচ্ছেন না শিক্ষার্থীরা।,, ছাত্রলীগ যেটা বলছে, প্রকাশ্য রাজনীতি বন্ধ থাকার কারণে ছাত্রশিবির ও হিযবুত তাহরীর ভেতরে ভেতরে কার্যক্রম চালাচ্ছে। এই অভিযোগ কি ঠিক? জানতে চাইলে তাহমিদ হোসেন বলেন, ``হিযবুত তাহরির তৎপরতা চালাচ্ছে এটা ঠিক। তাদের তৎপরতা তো ঢাকা বিশ্ববিদ্যালয়েও আছে। সেখানে তো প্রকাশ্য রাজনীতি চলছে। তাহলে এই অভিযোগ আনা ঠিক না। আর শিবিরের কোনো তৎপরতা আমাদের চোখে পড়েনি। যদি কখনও পড়ে তাহলে তাদের বিরুদ্ধেও আন্দোলন করবেন শিক্ষার্থীরা। আমরা চাই শিক্ষার সুষ্ঠু পরিবেশ।,, আন্দোলনে যুক্ত আরেকজন শিক্ষার্থী বলেন, ``আমরা আসলে পরিচয় দিয়ে কথা বলতে ভয় পাচ্ছি। কারণ

যে-কোনো সময় আমাদেরও হয়রানি করা হতে পারে। কিন্তু আমরা কোনো বিশেষ ছাত্রসংগঠনের বিরুদ্ধে না। আমরা শিক্ষার সুষ্ঠু পরিবেশ চাই। ছাত্ররাজনীতির নামে কোনো ধরনের জীবনহানি আমরা চাই না।,,

শিক্ষার্থীদের দাবিগুলো কী?

১. শনিবার দুপুর ২টার মধ্যে লিখিতভাবে ইমতিয়াজ রাব্বির স্থায়ী একাডেমিক বহিষ্কার নিশ্চিত করতে হবে।

২. একই ঘটনায় ইমতিয়াজ রাব্বির সঙ্গে জড়িত এ. এস. এম. আনাস ফেরদৌস, মোহাম্মদ হাসিন আরমান নিহাল, অনিরুদ্ধ মজুমদার, জাহিরুল ইসলাম ইমন এবং সায়েম মাহমুদ সাজেদিন রিফাতকে বুয়েট থেকে একাডেমিকভাবে স্থায়ী এবং হল থেকে স্থায়ী বহিষ্কার করতে হবে।

৩. বহিরাগত রাজনৈতিক ব্যক্তি যারা ক্যাম্পাসে প্রবেশ করেছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে কি না, তারা কেন-কীভাবে প্রবেশ করার অনুমতি পেল এ ব্যাপারে বুয়েট প্রশাসনের কাছ থেকে লিখিত নোটিশ এবং বাস্তবায়ন।

৪. নিরাপত্তার জন্য রাত সাড়ে ১০টার পর সব ছাত্রছাত্রীদের ক্যাম্পাসে থাকা নিষেধ এবং যে-কোনো প্রয়োজনে শিক্ষার্থীদের রাত সাড়ে দশটার বেশি সময় ক্যাম্পাসে অবস্থান করতে হলে সেক্ষেত্রে ছাত্রকল্যাণ অধিদপ্তরের (ডিএসডাব্লিও) অনুমতির প্রয়োজন পড়ে। তাহলে বহিরাগতদের অনুমতি দেওয়া নাই হয়ে থাকে, তাহলে ডিএসডাব্লিওর প্রটোকল ভেঙে বহিরাগতরা মধ্যরাতে সেমিনার রুমে মিটিং করতে সক্ষম হয়েছে কীভাবে? এক্ষেত্রে ডিএসডাব্লিও নিজের প্রটোকল অব্যাহত রাখতে ব্যর্থ, এ দায় স্বীকার করতে হবে।

৫. শনিবরের টার্ম ফাইনাল আমরা বর্জন করছি এবং রোববারের টার্ম ফাইনালসহ সকল একাডেমিক কার্যক্রম বর্জন করছি।

৬. আন্দোলনরত বুয়েটের সাধারণ শিক্ষার্থীদের বিরুদ্ধে কোনো রকম হয়রানিমূলক ব্যবস্থা নেওয়া যাবে না এই মর্মে লিখিত প্রতিশ্রুতি দিতে হবে।

এদিকে শিক্ষার্থীদের আরেকটি দলকে শনিবার বিকেল ৩টায় সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে সংবাদ সম্মেলন করেছেন। তাদের দাবি, বুয়েটের সাধারণ শিক্ষার্থীদের `আবেগকে' ব্যবহার করে `নিষিদ্ধ সংগঠন, স্বার্থ হাসিল করছে। লিখিত বক্তব্যে শিক্ষাপ্রতিষ্ঠানটির ২০ ব্যাচের আশিক আলম বলেন, ``বুয়েটর সংবিধানে ক্যাম্পাসে সকল ছাত্ররাজনীতি নিষিদ্ধের যে আইন আছে, আমরা তাকে সম্মান করি। তবে এই সুযোগে বিশ্ববিদ্যালয়ে গোপনে হিজবুত তাহরির, ইসলামী ছাত্র শিবিরের মতো নিষিদ্ধ সংগঠনগুলো কাজ করছে। আবরার ফাহাদের হত্যার ঘটনায় আমরাও দুঃখিত। তবে সে ঘটনার আবেগকে ব্যবহার করে শিক্ষার্থীদের আন্দোলনে নামানো হয়েছে।,, শিক্ষার্থীদের দাবির সঙ্গে `সহমত পোষণ, করে তদন্ত প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন উপাচার্য সত্য প্রসাদ মজুমদার। শনিবার বেলা সোয়া ১টার দিকে নিজ কার্যালয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন উপাচার্য। ওই ঘটনা তদন্তে ছয় সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে জানিয়ে সত্য প্রসাদ মজুমদার বলেন, "আজকে তদন্ত কমিটি কাজ শুরু করেছে। আগামী ৮ই এপ্রিল পর্যন্ত সময় দেওয়া হয়েছে। প্রতিবেদন পাওয়ার পর এর সদস্যদের মতামতও আমরা শুনব।,, ইমতিয়াজসহ আরো পাঁচ শিক্ষার্থীকে স্থায়ী বহিষ্কারের দাবির বিষয়ে উপাচার্য বলেন, "ইমতিয়াজকে হল থেকে বহিষ্কার আমরা করতে পারি। কিন্তু টার্ম বহিষ্কার শৃঙ্খলা কমিটির বৈঠক ডেকে নিয়মতান্ত্রিক উপায়ে করতে হবে। শৃঙ্খলা কমিটির সভার জন্য তদন্ত প্রতিবেদন লাগবে। তদন্ত প্রতিবেদন ছাড়া শৃঙ্খলা কমিটি কোনো ব্যবস্থা নিতে পারবে না। এভাবে শাস্তি দেওয়া হলে আদালতে গিয়েও টিকবে না। ফলে তদন্ত লাগবে এবং তদন্তে অভিযুক্তকেও আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে। আমাদের আইন ও নিয়ম অনুযায়ী চলতে হবে। অনুমতি ছাড়া ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশে ঘটনায় ছাত্রকল্যাণ দপ্তরের পরিচালক (ডিএসডব্লিউ) অধ্যাপক মিজানুর রহমানের পদত্যাগের যে দাবি তুলেছেন শিক্ষার্থীরা, সেই প্রসঙ্গে উপাচার্য সত্য প্রসাদ বলেন, "ডিএসডব্লিউর পদত্যাগের বিষয়ে এখন আমরা চিন্তা করছি না। কারণ, এটা নরমাল একটা প্রসিডিউর। নিয়ম অনুযায়ী যখন হওয়ার হবে। ডিএসডব্লিউ বলেছেন, তার পক্ষ থেকে কোনো গাফিলতি ছিল না। শিক্ষার্থীরা দাবি করতেই পারেন। কিন্তু দাবির মুখে আমরা ব্যবস্থা নিতে পারি না। সময় হলে আমরা নতুন ডিএসডব্লিউ নিয়োগ দেব।,,

মধ্যরাতে ক্যাম্পাসে ছাত্রলীগের প্রবেশ নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "নিরাপত্তা কর্মকর্তাকে আমরা কারণ দর্শানোর নোটিস দেব যে, কেন তিনি ঢুকতে দিলেন। তার তো ঢুকতে দেওয়া উচিত হয়নি। গভীর রাতে কেউ (ক্যাম্পাসে) ঢুকলে এটা অবশ্যই অমানবিক বা অনিয়মতান্ত্রিক। কে ঢুকেছে, তাকে তো আগে চিহ্নিত করতে হবে। চিহ্নিত না করে তো শাস্তি দেওয়া যাবে না। তার জন্য সময় প্রয়োজন। যদি কোনো নিরাপত্তারক্ষী বহিরাগত ব্যক্তিদের ঢুকতে দিয়ে থাকেন, তার বিরুদ্ধে আমরা ব্যবস্থা নেবে।,, শনিবার রাজধানীতে এক অনুষ্ঠান শেষে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেছেন, "কিছুদিন আগেও অনেকে অভিযোগ করেন, কিছু জঙ্গিবাদী গোষ্ঠী গোপনে সেখানে কার্যক্রম পরিচালনা করছে। এমন একটি আলোচনা-সমালোচনা ছিল। সে বিষয়ে আমরা আরও গভীরভাবে তদন্ত করব। ব্যক্তিপর্যায়ে কেউ যদি এমন মানসিকতা রাখেন এবং সেটা যদি মনে হয় যে মৌলবাদী ও জঙ্গিবাদী গোষ্ঠীকে

প্রশ্রয় দেওয়ার মতো কার্যক্রম হচ্ছে, সেটা অবশ্যই বন্ধ করতে হবে এবং প্রতিহত করতে হবে। এজন্য আইনশৃঙ্খলা বাহিনী রয়েছে, এসব তদন্ত তারা করছেন, কাউন্টার টেরোরিজম ইউনিটও বিষয়টি নিয়ে কাজ করবে। চলমান আন্দোলন নিয়ে শিক্ষার্থীসহ উভয়পক্ষকে আহ্বান জানাব, সেখানে (বুয়েট) শিক্ষার পরিবেশ যাতে নষ্ট না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে। উল্লেখ্য, ২০১৯ সালের ৬ই অক্টোবর বুয়েটের শেরেবাংলা হলে তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আবরার ফাহাদকে পিটিয়ে হত্যা করেন বুয়েট শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা। এ ঘটনায় ২৬ জনকে আজীবন বহিষ্কার করে বুয়েট কর্তৃপক্ষ। পরে আবরার ফাহাদকে পিটিয়ে হত্যা মামলার রায়ে ২০২১ সালে ২০ জনের মৃত্যুদন্ড দিয়েছে আদালত। এছাড়া পাঁচজনের যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ:৩০.০৩.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### উপজেলা নির্বাচনে এমপিরা হস্তক্ষেপ করলে কোনোভাবেই মেনে নেয়া হবে না: ওবায়দুল কাদের

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, উপজেলা নির্বাচনে এমপিরা হস্তক্ষেপ করতে পারবে না। সংসদ সদস্যরা নির্বাচনে নিজের লোক জেতাতে প্রভাব বিস্তার করলে দল কোনোভাবেই তা মেনে নেবে না। শনিবার দলের কেন্দ্রীয় কার্যালয়ে রংপুর বিভাগের নেতা সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। ওবায়দুল কাদের বলেন সবকিছু হারিয়ে বিএনপি এখন আবার ভারত বিরোধিতায় নেমেছে। এতে বিভ্রান্ত হওয়া যাবে না। তাদের আর কিছুই করার ক্ষমতা নেই।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩০.০৩.২০২৪ আসাদ)

### যুক্তরাষ্ট্রে পুলিশের গুলিতে বাংলাদেশি যুবক নিহত হওয়ার ঘটনায় বাংলাদেশের দুঃখ প্রকাশ

যুক্তরাষ্ট্রে পুলিশের গুলিতে নিহত বাংলাদেশি যুবক উইন রোজারিওর মৃত্যুতে দুঃখ প্রকাশ করেছে বাংলাদেশ। একই সঙ্গে সুষ্ঠু তদন্তের মাধ্যমে দোষীদের বিচারের দাবি জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। শনিবার দুপুরে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩০.০৩.২০২৪ আসাদ)

### গণতন্ত্রের জন্য দেশ স্বাধীন হয়েছে কিন্তু সেই গণতন্ত্রই এই দেশে নেই : মঈন খান

বিএনপিকে নিয়ে সরকারের অভিযোগের পেছনে কোনো যুক্তি নেই বলে মন্তব্য করেছেন বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। তিনি বলেছেন, বিদেশি শক্তির উপর নির্ভরতা নয়; জনগণকে সঙ্গে নিয়ে বিএনপি রাজনীতি করে। শনিবার ঢাকা মহানগর দক্ষিণ যুবদলের সদস্য সচিব রবিউল ইসলাম নয়নের পরিবারের সদস্যদের সাক্ষাৎ শেষে তিনি এ কথা বলেন। মঈন খান বলেন সরকার কখনোই ভিন্নমতকে সুযোগ দিতে চায় না। গণতন্ত্রের জন্য দেশ স্বাধীন হয়েছে কিন্তু সেই গণতন্ত্র দেশে নেই। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩০.০৩.২০২৪ আসাদ)

### ছয় দফা দাবিতে বিক্ষোভ মিছিল করছে বুয়েটের শিক্ষার্থীরা

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েট ক্যাম্পাসে গভীর রাতে ছাত্রলীগ নেতা কর্মীদের প্রবেশ এবং রাজনৈতিক কর্মকাণ্ডের প্রতিবাদে বিক্ষোভ করছেন শিক্ষার্থীরা। আজ শনিবার দুপুর দুটোর মধ্যে এই ঘটনায় পুরো কৌশল বিভাগের ইমতিয়াজসহ জড়িত ছয়জনকে স্থায়ী বহিষ্কার করা না হলে লাগাতার আন্দোলনের ঘোষণা দিয়েছেন তারা। আজ শনিবার সকালে ক্যাম্পাসে সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেয়া হয়। সংবাদ সম্মেলনে কোনো শিক্ষার্থীর নাম প্রকাশ না করে এই আন্দোলনের হুঁশিয়ারি দেয়া হয়। গতকাল শুক্রবারের আন্দোলনের পর শনিবার সকাল থেকে ক্যাম্পাসে চলছে অবস্থান কর্মসূচি। ছাত্র রাজনীতি বন্ধসহ ৬ দফা দাবি জানিয়েছেন তারা। শিক্ষার্থীরা বলছেন ২০১৯ সালে আবরার ফাহাদ কে হত্যার পর ক্যাম্পাসের ছাত্র রাজনীতি নিষিদ্ধ করা হয়। সে নিষেধাজ্ঞা না মেনে বুধবার রাতে কিছু ছাত্রলীগের নেতা কর্মী ক্যাম্পাসে কার্যক্রম চালান। এরই মধ্যে ছাত্রলীগ কর্মীদের প্রবেশে সহযোগিতার অভিযোগে ইমতিয়াজ হোসেনের হলের সিট বাতিল করেছে বিশ্ববিদ্যালয়টির কর্তৃপক্ষ।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ৩০.০৩.২০২৪ আসাদ)

### ঈদুল ফিতরকে সামনে রেখে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি অব্যাহত রয়েছে

ঈদুল ফিতরকে সামনে রেখে আজও অগ্রিম টিকিট বিক্রি অব্যাহত রেখেছে বাংলাদেশ রেলওয়ে। আজ অগ্রিম টিকিট বিক্রি হচ্ছে আগামী ৯ এপ্রিলের ভ্রমণের জন্য। এবার ঈদের অগ্রিম এবং ফেরত যাত্রার শতভাগ টিকেট অনলাইনে বিক্রির সিদ্ধান্ত নেয়া হয়। যাত্রীরা অগ্রিম যাত্রা ও ফেরত যাত্রার ক্ষেত্রে সর্বোচ্চ একবার করে টিকিট কিনতে পারবেন। একজন যাত্রী সর্বোচ্চ চারটি টিকিট কিনতে পারবেন যা ফেরত দেওয়া যাবে না। এছাড়া আন্তঃনগর ট্রেনের সাধারণ শ্রেণীর মোট আসনের ২৫ শতাংশ স্ট্যান্ডিং টিকিট কাউন্টার থেকে বিক্রি করা হবে। এছাড়া রেলের যাত্রীদের নিরাপদে ভ্রমণে অগ্নি নিরাপত্তা সহ সার্বিক প্রস্তুতি শেষ করেছে রেলওয়ে কর্তৃপক্ষ। যাত্রীদের নির্বিঘ্নে প্ল্যাটফর্মে প্রবেশ এবং জন

ভোগান্তি এড়াতে  কমলাপুর রেলওয়ে স্টেশন, বিমানবন্দর রেলস্টেশন এবং ক্যান্টনমেন্ট স্টেশন এছাড়া জয়দেবপুর স্টেশনে বাসের ব্যারিকেড তৈরি করা হয়েছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ.  ৩০.০৩.২০২৪  আসাদ)

**গাজীপুরের কালিয়াকৈরে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ দগ্ধদের মধ্যে আরো একজনের মৃত্যু**

গাজীপুরের কালিয়াকৈরে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে দগ্ধ আরো একজনের মৃত্যু হয়েছে। তার নাম কুদ্দুস খান ।আজ শনিবার ভোররাত সাড়ে ৪টার দিকে শেখ হাসিনা বার্ন ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। এ নিয়ে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো ১৭ জনে। নিহত কুদ্দুস লালমনিরহাটের কালিগঞ্জ থানার মো: সুরুজ আলী খানের ছেলে। বর্তমানে কালিয়াকৈর এলাকায় থাকতেন। শেখ হাসিনার জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক ডা. মো: তরিকুল ইসলাম জানান, ভোররাত সাড়ে ৪টার দিকে আইসিইউ,র ১৩ নম্বর বেডে তার মৃত্যু হয়। তার শরীরে ৮০ শতাংশ দগ্ধ ছিল। এ নিয়ে ১৭ জনের মৃত্যু হলো। গত ১৩ ই মার্চ বিকেলে গাজীপুরের কালিয়াকৈর এলাকায় গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ আগুন লাগে। এই ঘটনায় ৩২ জন দগ্ধ হয়ে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে আসেন। পরবর্তীতে বেশ কয়েকজন চিকিৎসা শেষে বাসায় ফিরলেও এ পর্যন্ত ১৭ জনের মৃত্যু হয়েছে। (রেডিও টুডে : ১৩৪৫ ৩০.০৩.২০২৪ আসাদ)

**লালমনিরহাট সীমান্তে বিএসএফের গুলিতে আরো এক বাংলাদেশি নিহত**

চার দিনের ব্যবধানে লালমনিরহাটের কালীগঞ্জে উপজেলার চন্দ্রপুর ইউনিয়নের বেলতলা সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে মুরালি চন্দ্র বর্মন নামের এক বাংলাদেশ নিহত হয়েছেন। এ সময় গুলিবিদ্ধ হয়েছেন আরো দুজন। শনিবার ভোরের দিকে এই ঘটনা ঘটে। এই ঘটনায় গত চার দিনের ব্যবধানে লালমনিরহাট সীমান্তে দুইজন বাংলাদেশিকে গুলি করে হত্যার ঘটনা ঘটালো বিএসএফ। (রেডিও টুডে:১৩৪৫ ৩০.০৩.২০২৪ আসাদ)

**মিয়ানমারের জান্তা বাহিনীর আরো তিন সেনা সদস্য বাংলাদেশে পালিয়ে এসেছে**

রাখাইনে বিদ্রোহীদের হামলায় টিকতে না পেরে জান্তাবাহিনীর আরো তিন সেনা সদস্য বাংলাদেশে পালিয়ে এসেছেন। শুক্রবার রাত ৩ টার দিকে বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার তম্রুকোনার পাড়া সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করেন তারা। এর আগে গত ১১ই মার্চ তিন দফায় জামছুরি সীমান্ত দিয়ে মিয়ানমারের জান্তা বাহিনীর তিনজন কর্মকর্তাসহ ১৭৭ জন বিজিপি সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছিল। তাদের নাইখং ছড়ির বিজিবি ব্যাটালিয়নের সদরের বিজিবি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আশ্রয় দেওয়া হয়েছিল। এ নিয়ে পালিয়ে আসা জান্তা বাহিনীর সেনা সদস্যর সংখ্যা এখন বেড়ে দাঁড়ালো ১৮০ তে।(রেডিও টুডে:১৩৪৫  ৩০.০৩.২০২৪  আসাদ)

**এমভি আব্দুল্লাহ জাহাজের জিম্মি ২৩ নাবিক ভালো আছেন : পররাষ্ট্রমন্ত্রী**

এমভি আবদুল্লাহ জাহাজের জিম্মি ২৩ নাবিক ভালো আছেন বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন নাবিকরা সুস্থ আছেন। তাদের খাবারের কোনো সংকট নেই। তাদের উদ্ধারে আলোচনা চলছে শিগগিরই এর সমাধান হবে। শনিবার দুপুরে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। অপর এক প্রশ্নের জবাবে যুক্তরাষ্ট্রে পুলিশের গুলিতে নিহত বাংলাদেশি যুবক উইন রোজারিওর মৃত্যুতে দুঃখ প্রকাশ করে মন্ত্রী বলেন একই সঙ্গে সুষ্ঠু তদন্তের মাধ্যমে দোষীদের বিচারের দাবি জানানো হয়েছে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩০.০৩.২০২৪  আসাদ)

**দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাবার ঘোষণা দিয়েছেন বুয়েটে শিক্ষার্থীরা**

ক্যাম্পাসে ছাত্রলীগের নেতাকর্মীদের প্রবেশ ও রাজনৈতিক কর্মকাণ্ড চালানোর অভিযোগে আজ শনিবার দ্বিতীয় দিনের মতো বিক্ষোভ করেছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েটে শিক্ষার্থীরা। আজ সকাল সাতটায় তারা বিক্ষোভ শুরু করেন বিক্ষোভ চলে দুপুর সাড়ে বারোটা পর্যন্ত। শিক্ষার্থীরা বলছেন আজ সাড়ে পাঁচ ঘণ্টা বিক্ষোভ করলেও বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের কাছ থেকে দাবির বিষয়ে ইতিবাচক কোন সাড়া পাননি। আন্দোলনরত বেশ কয়েকজন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ায় আজ কর্মসূচি শেষ করা হয়েছে। তারা আগামীকাল রোববার একইভাবে টার্ম ফাইনাল পরীক্ষা ও ক্লাস বর্জন করে সকাল সাতটা থেকে বুয়েটের শহিদ মিনারে অবস্থান নেবে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩০.০৩.২০২৪ আসাদ)

**আন্দোলনের সঙ্গে একমত হলেও আইনের বাইরে গিয়ে কিছুই করার নেই: বুয়েটে উপাচার্য**

বুয়েটের উপাচার্য অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার বলেছেন শিক্ষার্থীদের আন্দোলনের সঙ্গে বুয়েট প্রশাসন একমত তবে আইনের বাইরে গিয়ে কারোই কিছু করার ক্ষমতা নেই। তবে এরই মধ্যে তদন্ত কমিটি গঠন করা হয়েছে এবং আগামী ৮ এপ্রিলের মধ্যে কমিটিকে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। এরপর অ্যাকাডেমিক কাউন্সিলের বৈঠকে সিদ্ধান্ত নেয়া হবে। উপাচার্য আরো জানান অভিযোগ প্রমাণিত হলে বুয়েট প্রশাসন আইন অনুযায়ী ব্যবস্থা নেবে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩০.০৩.২০২৪  আসাদ)

## জাগো এফএম

### বিদ্যুৎ খাতে সহযোগিতা বাড়াতে বাংলাদেশ-ভারত-নেপাল চুক্তি আবশ্যক : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

বিদ্যুৎ খাতে সহযোগিতা বাড়াতে বাংলাদেশ-ভারত-নেপাল একটি ত্রিপাক্ষিক চুক্তি আবশ্যক বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। শনিবার, ৩০শে মার্চ ঢাকার বারিধারার নেপাল দূতাবাসে প্রি-ইভেন্ট সেমিনার অন দ্যা থার্ড নেপাল ইনভেস্টমেন্ট সামিট ২০২৪ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, 'আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে সীমানা অতিক্রম করে লাভজনক অংশীদারিত্ব গড়ে তোলা সম্ভব। যৌথ প্রয়াসের মাধ্যমে আমাদের এ অঞ্চলের সম্ভাবনা দ্রুতই কাজে লাগানো যাবে। টেকসই উন্নয়ন ও অর্থনৈতিক সমৃদ্ধির জন্য প্রতিবেশী দেশগুলোর একত্রে কাজ করা অপরিহার্য।' তিনি বলেন, 'ভারত থেকে বাংলাদেশ প্রথম বিদ্যুৎ আমদানি করে। এখন প্রায় ২ হাজার ৬৬০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা হচ্ছে। ভারতীয় গ্রিড ব্যবহার করে বাংলাদেশের ভেড়ামারার এইচভিডিসি-সাব স্টেশনের অব্যবহৃত সক্ষমতার মাধ্যমে নেপাল থেকে ৪০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির প্রক্রিয়া প্রায় চূড়ান্ত। নেপালের ন্যাশনাল ইলেকট্রিক অথরিটি, এনইএ এবং বাংলাদেশের বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, পিডিবির মাঝে ট্যারিফ নির্ধারণ প্রায় সম্পন্ন হয়েছে। নেপাল ও ভারতে বিদ্যুৎ বিক্রির সুযোগ রেখে নেপালের সুঙ্কোশি-৩ প্রকল্পে বাংলাদেশের বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বিনিয়োগ করবে। ইতিমধ্যে ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন হয়েছে। দুই পক্ষের মধ্যে আরো এগিয়ে যাওয়ার আলোচনা চলমান রয়েছে। জিএমআর প্রকল্পে ভারতীয় কোম্পানির যৌথ বিনিয়োগের মাধ্যমে উৎপাদিত বিদ্যুৎ বাংলাদেশে আমদানির বিষয়টি প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে।' তিনি আরো বলেন, 'নেপালের প্রকৌশলীদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান করতে পারে বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট। সোলার পাওয়ার প্ল্যান্ট ও সোলার হোম সিস্টেম স্থাপনে বাংলাদেশ নেপালকে সহযোগিতা করতে পারে। বাংলাদেশের বেসরকারি বিনিয়োগকারীরা নেপালের বিদ্যুৎ খাতে বিনিয়োগ করতে ইচ্ছুক। তাদের উৎসাহিত করতে নেপালের বিশেষ প্রণোদনা ঘোষণা করা উচিত।' নসরুল হামিদ বলেন, 'নেপাল-বাংলাদেশের মধ্যে সঞ্চালন লাইন তৈরি করা গেলে বিদ্যুৎ আমদানির সাথে সাথে রফতানিও করা যাবে।' প্রতিমন্ত্রী বলেন, 'বিদ্যুৎ খাতে সহযোগিতা বৃদ্ধির জন্য বাংলাদেশ-ভারত নেপাল একটি ত্রিপাক্ষিক চুক্তি আবশ্যক। আলোচনা চলছে, বাংলাদেশের পক্ষ থেকে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য প্রস্তাব ভারত ও নেপালকে পাঠানো হয়েছে।' বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারি বলেন, 'সাম্প্রতিক বছরগুলোতে নেপালে বিনিয়োগের পরিবেশ আরো উদার এবং ব্যবসাবান্ধব করা হয়েছে। এ ক্ষেত্রে বাংলাদেশের সাথে অর্থনৈতিক সম্পর্ক জোরদার নেপালের অগ্রাধিকার তালিকায় রয়েছে। বিশেষ করে বিদ্যুৎ খাতে দক্ষিণ পূর্ব এশিয়ায় প্রথমবারের মতো এই দুই দেশ পরিবেশবান্ধব জলবিদ্যুৎ বাণিজ্যের পথে অনেকদূর এগিয়ে গিয়েছে।' এ সময় নেপাল ইনভেস্টমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা সুশীল ভাট বক্তব্য রাখেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ৩০.০৩.২০২৪ প্রতীক)

### নারীর সম-অধিকার নিশ্চিতে বিনিয়োগ করতে হবে : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, 'নারী অধিকার প্রতিষ্ঠার সংগ্রাম দীর্ঘদিনের। নারীরা তাদের দক্ষতা, যোগ্যতা ও কর্মের মাধ্যমে নিজেদের প্রমাণ করেছেন। নারীদের সম-অধিকার ও সমান সুযোগ নিশ্চিতে বিনিয়োগ করতে হবে।' শনিবার, ৩০শে মার্চ ঢাকা রিপোর্টার্স ইউনিটি, ডিআরইউ-এর নসরুল হামিদ মিলনায়তনে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে এক আলোচনা সভায় এসব কথা বলেন তিনি। ঢাকা রিপোর্টার্স ইউনিটির সভাপতি সৈয়দ শুকুর আলী শুভর সভাপতিত্বে এবং নারী বিষয়ক সম্পাদক মাহমুদা ডলির সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন সাধারণ সম্পাদক মহিউদ্দিন। অতিথি হিসেবে বক্তব্য দেন জ্যেষ্ঠ সাংবাদিক মাহমুদা চৌধুরী, শাহনাজ বেগম, শফিকুল করিম সাবু এবং সাবেক নারী বিষয়ক সম্পাদক সুমি খান। স্পিকার ড. শিরীন শারমিন বলেন, 'নারীরা আজ মহাশূন্যে যাচ্ছে, হিমালয় জয় করছে। কিন্তু তারপরও তাদের সংগ্রাম থেমে নেই। নারীরা ঘরে-বাইরে সংগ্রাম করে এগিয়ে চলছেন।' তিনি আরো বলেন, 'বাংলাদেশে সার্বজনীন প্রাথমিক শিক্ষা নিশ্চিত হয়েছে। সাধারণ ঘরের মেয়েরাও আজ উচ্চতর শিক্ষায় শিক্ষিত। প্রায় এক কোটি নারী শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি প্রদান করা হচ্ছে।' স্পিকার বলেন, 'শেখ হাসিনা গত ১৫ বছরে নারীদের অগ্রগতিতে বিপ্লব ঘটিয়েছেন। তৃণমূল পর্যায়ের নারীরাও আজ স্বাবলম্বী এবং নারী উদ্যোক্তাদের সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বেড়েছে।' নারী উদ্যোক্তাদের বিনা জামানতে ঋণ দিয়ে এবং তাদের পণ্য দেশি-বিদেশি বাজারে সরবরাহের ব্যবস্থা নিলে তারা দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে বলে উল্লেখ করেন স্পিকার। তিনি বলেন, 'বাংলাদেশের বাজেট লিঙ্গ সংবেদনশীল বাজেট। প্রতিটি মন্ত্রণালয়ে নারীদের জন্য বাজেট বরাদ্দ রয়েছে। লিঙ্গ বৈষম্যের কারণে নারী যেন পিছিয়ে না যায় সে বিষয়ে সরকার আন্তরিক।'
(জাগো এফএম ওয়েব পেজ : ৩০.০৩.২০২৪ প্রতীক)

## বিভ্রান্ত হবেন না, বিএনপির কিছু করার ক্ষমতা নেই : সেতুমন্ত্রী

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন পয়েট অব পলিটিক্স, আর তার কন্যা শেখ হাসিনা হলেন ম্যাজিশিয়ান অব পলিটিক্স।' শনিবার, ৩০শে মার্চ সকালে রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে রংপুর বিভাগের আওয়ামী লীগ নেতাদের সঙ্গে মত বিনিময় সভায় এ কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার ইতিবাচক ও অন্তর্ভুক্তিমূলক রাজনীতি বিএনপির রাজনীতিকে অন্ধকারে ফেলে দিয়েছে। এ থেকে তারা সহসাই বের হতে পারছে না। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর বিশ্বের ৮১টি দেশ এবং ৩২টি আন্তর্জাতিক সংস্থা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে। নির্বাচনকে ঘিরে যারা আতঙ্ক ছড়িয়েছে, নিষেধাজ্ঞা দেওয়ার কথা বলেছে তারাও বাংলাদেশের বাস্তবতা বুঝতে পেরেছে। সেটা অনুধাবন করেই তারা এখন বাংলাদেশের সঙ্গে নিবিড়ভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেছে।' আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, গণতন্ত্র হত্যাকারী বিএনপি আজ গণতন্ত্রের জন্য মায়া কান্না করছে। সব হারিয়ে দলটি এখন নেমেছে ভারত বিরোধিতায়। পাকিস্তানের আমলে বঙ্গবন্ধুকে নিয়ে ভারত বিরোধিতা এবং এখন তার কন্যা শেখ হাসিনাকে নিয়ে ভারত বিরোধিতার অশুভ খেলা আবারো শুরু হয়েছে। আপনারা বিভ্রান্ত হবেন না। তাদের কিছু করার ক্ষমতা নেই।' বিএনপির ৮০ শতাংশ নেতা-কর্মী আটক নিয়ে বিএনপি মহাসচিবকে তালিকা প্রকাশের আহ্বান জানিয়ে ওবায়দুল কাদের বলেন, 'মিথ্যার বেসাতি করে রাজনীতি চলে না।' ওবায়দুল কাদের বলেন, 'বাংলাদেশ সঠিক পথে আছে। যে যাই বলুক, আমাদের ভেতরের কথা আমরা জানি। অর্থনীতির বিভিন্ন সূচকে আমরা আমাদের অবস্থা জানি। আমাদের অবস্থা স্থিতিশীল। আশঙ্কার কোনো কারণ নেই। মিথ্যাচার ও অপপ্রচারে বিভ্রান্ত হবেন না।' আসন্ন উপজেলা পরিষদ নির্বাচন নিয়ে সরকারের অবস্থান তুলে ধরে সেতুমন্ত্রী বলেন, 'নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও পক্ষপাতহীন করতে চায় সরকার। নির্বাচনকে প্রবাহিত করতে এমপি মন্ত্রী কারোই হস্তক্ষেপ মেনে নেওয়া হবে না। নির্বাচনে কোনো ধরনের হস্তক্ষেপ মেনে নেওয়া হবে না। প্রশাসনিকভাবে ক্ষমতায় আছে বলে করবে এটা কোনো অবস্থায় হবে না। যে উদ্দেশ্যে নির্বাচন উন্মুক্ত করা হয়েছে সেই উদ্দেশ্য ব্যাহত করা যাবে না। উপজেলা নির্বাচনকে সম্পূর্ণভাবে অবাধ, সুষ্ঠু এবং পক্ষপাতহীন করতে চাই।' দায়িত্বশীলদের বক্তব্য নিয়ে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাফ জানিয়ে দেন, 'ফ্রি স্টাইলে দল চলবে না। যার যেমন খুশি যখন-তখন দায়িত্বজ্ঞানহীন বক্তব্য দেবেন সেটার দায় দল বহন করবে না। একজনের একটা বক্তব্য গোটা দলের শৃঙ্খলার ওপর আঘাত হানে, এমন কিছু হলে অবশ্যই ব্যবস্থা নিতে হবে। জনগণের সঙ্গে সেতু তৈরি করতে হবে। সাংগঠনিক বিভিন্ন স্তরে যে দেয়াল রয়েছে তা ভেঙে সেতু রচনা করতে হবে। আমরা চ্যালেঞ্জিং সময় অতিক্রম করছি। এ সময় ঠান্ডা মাথায় কথা বলতে হবে। দায়িত্বশীলরা দায়িত্বজ্ঞানহীন বক্তব্য দিতে পারেন না।' এ সময় কমিটি গঠন ও জেলা কর্তৃক কমিটি ভেঙে দেওয়া প্রসঙ্গে দলের সাধারণ সম্পাদক বলেন, 'পকেট কমিটি না করে দলের ত্যাগিদের কমিটিতে রাখতে হবে। অনেক সময় কেন্দ্রকে না জানিয়ে উপজেলা, থানা, ইউনিয়ন কমিটি ভেঙে দেওয়াসহ কমিটির কারো পদ বাতিল ও অব্যাহতি দিয়ে থাকে জেলা কমিটি। এটা করা যাবে না। জেলা কমিটি কাউকে অব্যাহতি কিংবা কমিটি ভেঙে দেওয়ার বিষয়ে কেন্দ্রকে শুধু সুপারিশ করতে পারবে।' আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য শাজাহান খানের সভাপতিত্বে মত বিনিময় সভায় উপদেষ্টা পরিষদের সদস্য রমেশ চন্দ্র সেন, যুগ্ম সাধারণ সম্পাদক হাছান মাহমুদ, সাংগঠনিক সম্পাদক সুজিত রায় নন্দী, কোষাধ্যক্ষ এইচ এম আশিকুর রহমান, অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী, নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী-সহ আওয়ামী লীগের রংপুর বিভাগীয় সাংগঠনিক টিমের নেতারা উপস্থিত ছিলেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ৩০.০৩.২০২৪ প্রতীক)

## নিউইয়র্কে গুলিতে বাংলাদেশি তরুণ নিহতের ঘটনায় তদন্ত হচ্ছে : পররাষ্ট্রমন্ত্রী

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে পুলিশের গুলিতে বাংলাদেশি তরুণ নিহতের ঘটনার তদন্ত হচ্ছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ।শনিবার, ৩০শে মার্চ দুপুরে বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে রংপুর বিভাগ আওয়ামী লীগ নেতাদের সঙ্গে দলের কেন্দ্রীয় নেতাদের বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। ড. হাছান মাহমুদ বলেন, 'যুক্তরাষ্ট্রে পুলিশের গুলিতে নিহত বাংলাদেশি তরুণ উইন রোজারিওর বাসায় গিয়ে পরিবারের সঙ্গে দেখা করেছেন নিউইয়র্কে নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল। পরিবারের সঙ্গে কথা বলে প্রতীয়মান হয়েছে পুলিশের গুলি করার প্রয়োজন ছিল না। এটা অত্যন্ত দুঃখজনক। আমরা এ ঘটনায় দুঃখ প্রকাশ করেছি এবং এর তদন্ত হচ্ছে। তদন্তে পুলিশের ওভার-রিঅ্যাকশন বা দোষ প্রমাণিত হলে কর্তৃপক্ষ অবশ্যই উপযুক্ত ব্যবস্থা নেবে বলে আমরা আশা করি।' সাংবাদিকদের আরেক প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'সোমালি জলদস্যুদের কবল থেকে নাবিকদের নিরাপদে উদ্ধার ও এমভি আব্দুল্লাহ জাহাজকে মুক্ত করার জন্য সোমালিদের সঙ্গে যোগাযোগ চলছে। খুব সহসাই আলোচনার মাধ্যমে সমাধান হবে আশা করি। বাংলাদেশি নাবিকরা সবাই কেবিনে আছেন, ভালো আছেন, খাবার-দাবারের কোনো সমস্যা নেই।' আশ্রয় নিতে বাংলাদেশে ঢুকে পড়া মিয়ানমারের সামরিক সদস্যদের ফেরত পাঠানো নিয়ে প্রশ্নে তিনি বলেন, 'মিয়ানমারের মেজর, ক্যাপ্টেন ও সার্জেন্ট র‍্যাংকের তিন

সামরিক সদস্য নতুন করে বাংলাদেশে প্রবেশ করেছেন। তারা বিজিবির হেফাজতে আছেন। এই তিনজনসহ বাংলাদেশে আগে ঢুকে পড়া মিয়ানমারের সব সামরিক সদস্যকে খুব শিগগীরি নৌপথে ফেরত পাঠানো হবে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ৩০.০৩.২০২৪ প্রতীক)

## বুয়েটে জঙ্গিবাদী গোষ্ঠী তৎপর কি না তদন্ত করা হবে : শিক্ষামন্ত্রী

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, বুয়েটে কোনো জঙ্গিবাদী গোষ্ঠী গোপনে কার্যক্রম পরিচালনা করলে তা তদন্ত করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। শনিবার, ৩০শে মার্চ দুপুরে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। বুয়েটের প্রসঙ্গ টেনে শিক্ষামন্ত্রী বলেন, ৃকিছুদিন আগেও অনেকে অভিযোগ করেন, কিছু জঙ্গিবাদী গোষ্ঠী গোপনে সেখানে কার্যক্রম পরিচালনা করছে। এমন একটি আলোচনা-সমালোচনা ছিল। সে বিষয়ে আমরা আরো গভীরভাবে তদন্ত করব।, তিনি আরো বলেন, ৃব্যক্তিপর্যায়ে কেউ যদি এমন মানসিকতা রাখেন এবং সেটা যদি মনে হয় যে মৌলবাদী ও জঙ্গিবাদী গোষ্ঠীকে প্রশ্রয় দেওয়ার মতো কার্যক্রম হচ্ছে, সেটা অবশ্যই বন্ধ করতে হবে এবং প্রতিহত করতে হবে। এজন্য আইনশৃঙ্খলা বাহিনী রয়েছে, এসব তদন্ত তারা করছেন, কাউন্টার টেরোরিজম ইউনিটও বিষয়টি নিয়ে কাজ করবে।, মহিবুল হাসান চৌধুরী বলেন, ৃচলমান আন্দোলন নিয়ে শিক্ষার্থীসহ উভয়পক্ষকে আহ্বান জানাব, বুয়েটে শিক্ষার পরিবেশ যাতে নষ্ট না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে।, এর আগে দুপুর ১২টায় মন্ত্রী ৃবঙ্গবন্ধুর সোনার বাংলা- শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের চ্যালেঞ্জ ও সমাধানের পথ, শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে অংশ নেন। আলোচনা সভার আয়োজন করে বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন। এতে বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোলেমান খান এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক নেহাল আহমেদ। মুখ্য আলোচক ছিলেন অধ্যাপক ড. রতন সিদ্দিকী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক মোঃ শাহেদুল খবির চৌধুরী। সঞ্চালনায় ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক শওকত হোসেন মোল্লা। (জাগো এফএম ওয়েব পেজ : ৩০.০৩.২০২৪ প্রতীক)

## ভুটানে যুবকদের প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করলেন তথ্য প্রতিমন্ত্রী

ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুকের নির্দেশে ২০২১ সালে চালু হওয়া বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি ডি-সুং স্কিলিং প্রোগ্রামের প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেছেন বাংলাদেশের তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। শনিবার, ২৯শে মার্চ ভুটানের রাজধানী থিম্পুর তাবায় প্রতিমন্ত্রী এ প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন। উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বাংলাদেশের তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রীকে স্বাগত জানায়। পরে তারা ভুটানে চলমান অন্যতম দুটি দক্ষতা ও সক্ষমতা উন্নয়ন কর্মসূচি ডি-সুং প্রোগ্রাম এবং ডি-সুং স্কিলিং প্রোগ্রাম সম্পর্কে বাংলাদেশের তথ্য প্রতিমন্ত্রীকে বিস্তারিত ব্রিফিং করেন। পরে প্রতিমন্ত্রীকে প্রশিক্ষণ কেন্দ্রের সুযোগ-সুবিধাগুলো ঘুরিয়ে দেখানো হয়। সেখানে প্রতিমন্ত্রী সিরামিক, মেটাল স্মিথিং এবং সোর্ড অ্যান্ড ব্লেড ওয়ার্কশপে প্রদর্শিত কারুশিল্প প্রত্যক্ষ করেন। ডি-সুং স্কিলিং প্রোগ্রাম হলো ভুটানের রাজার নির্দেশে চালু হওয়া বিশেষ একটি কর্মসূচি, যার মূল উদ্দেশ্য সেখানকার যুবকদের প্রশিক্ষণের মাধ্যমে সামর্থ্য ও দক্ষতা বৃদ্ধি করে অর্থবহ, উৎপাদনশীল এবং নেতৃত্ব দিতে সক্ষম করে গোড়ে তোলা। যাতে তারা সমৃদ্ধ জীবনযাপন করতে পারেন। এ বিশেষ কর্মসূচির আওতায় নেটওয়ার্কিং, ওয়েব ডেভেলপমেন্ট, ই-কমার্স, কাপেনট্রি, উডওয়ার্কস, লাইটিং ও বিদ্যুতের কাজে ব্যাচভিত্তিক বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়। তথ্য প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুকের আমন্ত্রণে বর্তমানে ভুটান সফর করছেন। ভুটান সফর শেষে ৩১শে মার্চ দুপুরে তার দেশে ফেরার কথা রয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ৩০.০৩.২০২৪ প্রতীক)

## নতুন বিধিতে হচ্ছে উপজেলা পরিষদ নির্বাচন : আহসান হাবিব

নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল অবসরপ্রাপ্ত মোঃ আহসান হাবিব খান বলেছেন, 'সরকার আমাদের ওপর আস্থাশীল হয়ে এমনভাবে সহযোগিতা করছে যে, ১০ দিনের মধ্যে বিধি পরিবর্তন করেছি। তাই নতুন বিধিতে হচ্ছে উপজেলা পরিষদ নির্বাচন।' শনিবার, ৩০শে মার্চ দুপুরে বরিশাল জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষ্যে আইনশৃঙ্খলা বিষয়ক মত বিনিময় সভা শেষে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, 'উপজেলা পরিষদ নির্বাচনের নতুন বিধিতে সাংবাদিকদের গায়ে যদি কেউ আঁচড় দেয়, কেউ ক্যামেরা ক্ষতিগ্রস্ত করে, সঙ্গে সঙ্গে তার পানিশমেন্ট হবে। বিধি ভোটার ও ভোট গ্রহণ কর্মকর্তাদের বেলায়ও করা হয়েছে, অর্থাৎ সবার নিরাপত্তা নিশ্চিত করা হবে। ছোট বিষয়েও ছাড় দেওয়া হবে না।' 'নির্বাচনে কারো প্রভাব বিস্তারের কোনো সুযোগ নেই। সংসদ সদস্যদের অনুরোধ জানিয়েছি এবং ভবিষ্যতেও জানাবো, যাতে উপজেলা নির্বাচনে কোনো ধরনের প্রভাব বিস্তার না হয়। আর প্রশাসনকে বলেছি যেন তারা বিনয়ী ব্যবহার এবং শ্রদ্ধার সঙ্গে কথা বলেন। তবে অনিয়ম-অন্যায়ের ক্ষেত্রে ছোট ছোট বিষয়েও কোনো ছাড় নয়। প্রশাসনও আমাকে আশ্বস্তও করেছে, বলেন তিনি। গণমাধ্যমের মুখ থেকে ভালো শুনলে অনুপ্রাণিত হই জানিয়ে আহসান হাবিব বলেন, 'ভালো করলে ভালো,

খারাপ করলে খারাপ বিষয়গুলো মিডিয়ায় প্রচার করুন। চুরি করলে চোরকে চোর বলুন, সে যেই হোক। আমরা মিডিয়ায় দেখে অ্যাকশন নেব। সাংবাদিকদের সঙ্গে কমিশন, র‍্যাব-পুলিশ, আনসারসহ সব প্রশাসন থাকবে।' তিনি আরো বলেন, 'অতীতের চেয়েও একমাত্রার বেশি সুন্দর নির্বাচন চাই। তার থেকে যেন নিচে না নামি, সেভাবে প্রশাসন আমাকে প্রতিশ্রুতি দিয়েছে। তবে সবার সহযোগিতা ছাড়া সুন্দর নির্বাচন করা সম্ভব নয়।'
(জাগো এফএম ওয়েব পেজ : ৩০.০৩.২০২৪ প্রতীক)

## রাজাকারদের তালিকাও প্রণয়ন করতে হবে : বাহাউদ্দিন নাছিম

বীর মুক্তিযোদ্ধাদের পাশাপাশি রাজাকারদের তালিকাও প্রণয়ন করা উচিত বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও ঢাকা-৮ আসনের সংসদ সদস্য কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দীন নাছিম। শনিবার, ৩০শে মার্চ জাতীয় প্রেস ক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে `মুক্তিযুদ্ধে মঠবাড়ীয়া ও দক্ষিণাঞ্চল, বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি একথা বলেন। আ ফ ম বাহাউদ্দীন নাছিম বলেন, 'আজ বীর মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়ন করা হয়েছে, কিন্তু রাজাকারদের তালিকা প্রণয়ন করা হয়নি। মুক্তিযুদ্ধের ইতিহাসের পাশাপাশি যারা এই যুদ্ধের বিরোধিতা করেছে, মা-বোনদের সম্ভ্রমহানী করেছে, সেসব কুখ্যাত ইতিহাসও তুলে ধরা উচিত। হোক সেসব পাকিস্তানি দোসরদের ইতিহাস। তবুও সেসব ইতিহাস জনগণকে অনুপ্রাণিত করবে।' তিনি আরো বলেন, 'বইটি প্রকাশের ক্ষেত্রে লেখককে যারা অনুপ্রাণিত করেছেন তাদের সবার প্রতি রইলো আমার শ্রদ্ধা। এ পৃষ্ঠপোষকতার কারণেই দেশের ইতিহাসকে বিকৃতির হাত থেকে রক্ষা করা যাচ্ছে। ইতিহাস সংরক্ষণের যে দাবি এসেছে তা বাস্তবায়ন করতে মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়ের সদিচ্ছা প্রয়োজন।' বাহাউদ্দীন নাছিম বলেন, 'যারা দেশের মুক্তিযুদ্ধকে মেনে নিতে পারেনি, যারা এখনো পাকিস্তানিদের দোসর হিসেবে কাজ করছে, তাদের ইতিহাসও আগামী প্রজন্মের জানা উচিত। যতদিন বিশ্বের মানচিত্রে বাংলাদেশের নাম থাকবে, ততদিন মুক্তিযুদ্ধের গৌরবগাঁথা জ্বলজ্বল করবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে অসাম্প্রদায়িক, সোনার বাংলাদেশ গড়ে তুলতে চেয়েছিলেন, সে লক্ষ্য বাস্তবায়নের সংগ্রাম এখনো চলছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সে সংগ্রাম আমরা চালিয়ে যাচ্ছি, চালিয়ে যাবো।' (জাগো এফএম ওয়েব পেজ : ৩০.০৩.২০২৪ প্রতীক)

## ভাঙ্গা-যশোর রুটে পরীক্ষামূলক দ্রুতগতির ট্রেন চলাচল শুরু

পদ্মা সেতু রেলসংযোগ প্রকল্পের আওতায় ফরিদপুরের ভাঙ্গা থেকে যশোরের রূপদিয়া পর্যন্ত পরীক্ষামূলক ট্রেন চলাচল `ট্রায়াল রান, শুরু হয়েছে। শনিবার, ৩০শে মার্চ সকাল ৮টা ৪০ মিনিটে ভাঙ্গা থেকে ছাড়া পণ্যবাহী ট্রেনটি সকাল ১০টা ২৫ মিনিটে যশোরের রূপদিয়া রেলওয়ে স্টেশনে পৌঁছে। ট্রেনটি প্রায় ১০ মিনিট এই স্টেশনে অবস্থান করে। এরপর আবার ভাঙ্গার উদ্দেশ্যে রওনা হয়। একইভাবে বেলা ১২টার দিকে যাত্রীবাহী ট্রেন ভাঙ্গা-যশোর রুটে যাত্রা করে। যশোর ঘুরে ফের ভাঙা স্টেশনে ফিরেছে ট্রেন। এর মাধ্যমে পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প ভাঙ্গা-যশোর প্রথম ধাপের পরীক্ষামূলক ট্রেন চলাচল সম্পন্ন হল। একই রুটে রোববারও চলবে পরীক্ষামূলক ট্রেন। জানা যায়, পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পের মাধ্যমে দেশের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলকে রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আনতে এ রেলপথ নির্মাণ করা হয়েছে। বাংলাদেশ ও চীনের যৌথ অর্থায়নে ঠিকাদারি প্রতিষ্ঠান `চায়না রেলওয়ে গ্রুপ,, সিআরইসি প্রকল্পটি বাস্তবায়ন করেছে। প্রকল্পের মেয়াদ ২০২৪ সালের জুন পর্যন্ত। মাঠ পর্যায়ে প্রকল্পটির কাজ শুরু হয়েছিল ২০১৯ সালে। এদিকে, পদ্মা রেল সেতু হয়ে নতুন ট্রেন চলাচলের সুযোগ সৃষ্টি হওয়ায় খুশি স্থানীয়রা। তাদের দাবি, এলাকার উন্নয়নের পাশাপাশি ব্যবসা-বাণিজ্য ও যোগাযোগের ক্ষেত্রে নতুন দিগন্ত সৃষ্টি হয়েছে। স্থানীয় বাসিন্দা রবিউল খান বলেন, 'পদ্মা সেতুর রেলসংযোগ প্রকল্প বাস্তবায়নের মধ্যদিয়ে দক্ষিণ পশ্চিমাঞ্চলের রেল যোগাযোগের বিপ্লব ঘটলো। এ অঞ্চলের মানুষের সঙ্গে ঢাকার দূরত্ব কমেছে। সহজেই যাতায়াত করতে পারবো। আরেক বাসিন্দা আলমগীর কবির বলেন, 'পরীক্ষামূলক ট্রেন চলাচলের মধ্যদিয়ে রেল যোগাযোগের মাইলফলক তৈরি হল। এ অঞ্চলের মানুষের দীর্ঘ দিনের স্বপ্ন পূরণ হল। রেল যোগাযোগের মাধ্যমে এলাকার মানুষের জীবনযাত্রার মানও বদলে যাবে।' যশোর স্টেশন মাস্টার আয়নাল হাসান বলেন, 'এ ট্রেন যশোরবাসীর জন্য প্রধানমন্ত্রীর ঈদের উপহার। পণ্যবাহী ট্রেনটি ৬০ থেকে ৮০ কিলোমিটার বেগে যশোরে আসে। যাওয়ার সময় আরো বেশি বেগে গেছে। যাত্রীবাহী ট্রেনের গতি ১০০ থেকে ১২০ কিলোমিটার পর্যন্ত পরীক্ষা করা হবে। দুইদিনের পরীক্ষামূলক ট্রেন চলাচলের পর আগামী জুন নাগাদ এ রুটে বাণিজ্যিকভাবে ট্রেন চলাচল শুরু হতে পারে। (জাগো এফএম ওয়েব পেজ : ৩০.০৩.২০২৪ প্রতীক)

## প্রতিদিন দেশ থেকে পাচার হচ্ছে কোটি কোটি টাকা মূল্যের ডলার

দীর্ঘদিন ধরেই দেশে ডলার সংকট। পরিস্থিতি সামাল দিতে সরকার আমদানিতে কড়াকড়ি আরোপ করলেও খুব বেশি কাজ হয়নি তাতে। বরং আমদানি কমায় উল্টো বেড়েছে নিত্যপণ্যের দাম। এমন পরিস্থিতিতেও প্রতিদিন দেশ থেকে পাচার হচ্ছে কোটি কোটি টাকা মূল্যের ডলার। সম্প্রতি এমন এক চক্রের সন্ধান পায় দুদক। যারা প্রতিদিন শত কোটি টাকা মূল্যের ডলার বা বৈদেশিক মুদ্রা অবৈধভাবে দেশের বাইরে পাচার করছিল। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর দিয়ে প্রতিদিন শত শত প্রবাসী দেশে ফেরেন। এছাড়া বাংলাদেশ ভ্রমণ বা কোনো কাজে আসেন অনেক বিদেশি। এসব প্রবাসী ও বিদেশি তাদের সঙ্গে থাকা ডলার বা বিদেশি মুদ্রা বিমানবন্দরে থাকা ব্যাংকের বুথ ও মানি

চেঞ্জার থেকে বাংলাদেশি টাকায় এনক্যাশমেন্ট করেন। এক্ষেত্রে ব্যাংক বা মানি চেঞ্জার থেকে ভাউচার দেওয়ার নিয়ম থাকলেও চক্রটি তা দেয়নি। কেউ ভাউচার চাইলে সার্ভার ডাউনের অজুহাত দেখাতেন অভিযুক্ত ব্যাংক কর্মীরা। গত ২৭শে মার্চ শাহজালাল বিমানবন্দরে ডলার ও অন্য বিদেশি মুদ্রা বিনিময় কারসাজিতে জড়িত থাকার অভিযোগে ২১ জনের বিরুদ্ধে মামলা করেছে দুদক। এ মামলায় ১৯ ব্যাংকার ও দুই মানি চেঞ্জারের মালিককে আসামি করা হয়েছে। তবে অনুসন্ধানের জানা গেছে, এসব ঘটনা সম্পর্কে আগেই ওয়াকিবহাল ছিল ব্যাংকগুলো। দুদকের মামলার আসামিরা আগেও আইনশৃঙ্খলা বাহিনীর হাতে আটক হন। তবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়নি ব্যাংক। এ ঘটনায় সোনালী, জনতা, অগ্রণী ও মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের শীর্ষ কর্মকর্তাদের যোগসাজশ রয়েছে বলে দুদকের অনুসন্ধানে বেরিয়ে এসেছে। (জাগো এফএম ওয়েব পেজ : ৩০.০৩.২০২৪ প্রতীক)

## সোনার দামে রেকর্ডের পর রেকর্ড

বিশ্ববাজারে লাফিয়ে লাফিয়ে বাড়ছে সোনার দাম। এতে ঘটছে একের পর এক রেকর্ড। সর্বশেষ কার্যদিবস শুক্রবারও সোনার দামে বড় উত্থান হয়েছে। এতে অতীতের সব রেকর্ড ভেঙে নতুন ইতিহাস সৃষ্টি করেছে দামি এই ধাতু। প্রথমবারের মতো এক আউন্স সোনার দাম দুই হাজার ২৩০ ডলার ছাড়িয়ে গেছে। শুধু শুক্রবার নয়, মার্চ জুড়েই বিশ্ববাজারে সোনার দাম এমন লাফিয়ে লাফিয়ে বেড়েছে। এর মধ্যে গত সপ্তাহেই প্রতি আউন্স সোনার দাম বেড়েছে ৫১ দশমিক ৪৬ ডলার বা দুই দশমিক ২৬ শতাংশ। মার্চ মাসে বেড়েছে ১৮৯ দশমিক ২০ ডলার বা নয় দশমিক ২৬ শতাংশ। গত সপ্তাহ জুড়ে বিশ্ববাজারে সোনার দামে বড় উত্থান হলেও এখনো দেশের বাজারে সোনার দাম বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়নি। তবে বিশ্ববাজারে সোনার দাম বাড়ার ধারা অব্যাহত থাকলে এবং স্থানীয় বাজারে সোনার চাহিদা বাড়লে ও তেজাবী সোনার দাম বাড়লে নতুন করে আবার দাম বাড়ানো হতে পারে। এ বিষয়ে বাজুসের দায়িত্বশীলরা জানিয়েছেন, সোনার অস্বাভাবিক দাম হওয়ার কারণে দেশের বাজারে বিক্রি অনেক কমে গেছে। তবে বিশ্ববাজারে সোনার দাম বাড়ার ধারা অব্যাহত থাকলে এবং স্থানীয় বাজারে চাহিদা বাড়লে নতুন করে সোনার দাম বাড়ানো হতে পারে। এ জন্য আগামী কয়েকদিন স্থানীয় বাজারের চিত্র পর্যবেক্ষণ করবে বাজুস। নতুন করে দাম বাড়ানো হলে বাংলাদেশের বাজারেও সোনার দামে নতুন ইতিহাস সৃষ্টি হবে। অবশ্য বর্তমানে রেকর্ড দামেই বিক্রি হচ্ছে দামি এই ধাতু। দেশের বাজারে সোনার দাম সর্বশেষ নির্ধারণ করা হয় গত ২১শে মার্চ, যা কার্যকর হয় ২২শে মার্চ থেকে। বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং অ্যান্ড প্রাইস মনিটরিং কমিটি স্থানীয় বাজারে তেজাবী সোনার দাম বাড়ার কারণ উল্লেখ করে সেদিন সব থেকে ভালো মানের বা ২২ ক্যারেটের এক ভরি সোনার দাম দুই হাজার ৯১৬ টাকা বাড়িয়ে নির্ধারণ করে হয়েছে এক লাখ ১৪ হাজার ৭৪ টাকা। এছাড়া ২১ ক্যারেটের এক ভরি সোনার দাম দুই হাজার ৭৪১ টাকা বাড়িয়ে এক লাখ আট হাজার ৮৮৩ টাকা, ১৮ ক্যারেটের এক ভরি সোনার দাম দুই হাজার ৩৩৩ টাকা বাড়িয়ে ৯৩ হাজার ৩১২ টাকা এবং সনাতন পদ্ধতির এক ভরি সোনার দাম এক হাজার ৯৮৩ টাকা বাড়িয়ে ৭৭ হাজার ৭৯৯ টাকা নির্ধারণ করে। দেশের বাজারে সোনার এত দাম আগে কখনো হয়নি। বর্তমানে এই দামেই সোনা বিক্রি হচ্ছে। অবশ্য সোনার গহনা কিনতে ক্রেতাদের এর থেকে বেশি অর্থ গুনতে হচ্ছে। কারণ বাজুস নির্ধারণ করা দামের ওপর পাঁচ শতাংশ ভ্যাট যোগ করে সোনার গহনা বিক্রি করা হয়। সেই সঙ্গে ভরি প্রতি মজুরি ধরা হয় ন্যূনতম তিন হাজার ৪৯৯ টাকা। ফলে রোববার, ৩১শে মার্চ থেকে ২২ ক্যারেটের এক ভরি সোনার গহনা কিনতে ক্রেতাদের এক লাখ ২৩ হাজার ২৭৭ টাকা গুনতে হবে। দেশের বাজারে সর্বশেষ যখন সোনার দাম নির্ধারণ করা হয়, সে সময় বিশ্ববাজারে প্রতি আউন্স সোনার দাম ছিল দুই হাজার ১৫৫ ডলারের কাছাকাছি। অর্থাৎ দেশের বাজারে সোনার দাম বাড়ানোর পর এরই মধ্যে প্রতি আউন্স সোনার দাম ৮০ ডলারের মতো বেড়ে গেছে। বিশ্ববাজারের তথ্য পর্যালোচনা করে দেখা যায়, গত সপ্তাহের শুরুতে প্রতি আউন্স সোনার দাম ছিল দুই হাজার ১৮০ দশমিক ৯২ ডলার। সেখান থেকে বেড়ে এখন প্রতি আউন্স সোনার দাম দাঁড়িয়েছে দুই হাজার ২৩২ দশমিক ৩৮ ডলার। অর্থাৎ সপ্তাহের ব্যবধানে প্রতি আউন্স সোনার দাম বেড়েছে ৫১ দশমিক ৪৬ ডলার বা দুই দশমিক ২৬ শতাংশ। আর মার্চ মাসেরে শুরুতে প্রতি আউন্স সোনার দাম ছিল দুই হাজার ৪৩ দশমিক ৬৩ ডলার। অর্থাৎ মাসের ব্যবধানে প্রতি আউন্স সোনার দাম বেড়েছে ১৮৯ দশমিক ২০ ডলার বা নয় দশমিক ২৬ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ : ৩০.০৩.২০২৪ প্রতীক)

# BBC

**GAZANS WATCH THE SKIES TO SPOT PLANES DROPPING AID**

One thousand miles east of Gaza, large blocks of aid are being loaded on to a US military transport plane, its crew silhouetted by the morning sun glancing over the desert landscape around Qatar's al-Udeid airbase. They push 80 crates into the plane's cavernous interior, each canvas-wrapped block strapped to a cardboard pallet and topped with a parachute. Feeding Gaza is now a complex, risky multi-national operation. The RAF carried out its first two aid flights this week. France, Germany, Jordan, Egypt and the UAE have also been taking part. This was the 18th mission flown by US forces. Dropping 40,000 ready-prepared meals into the tiny, besieged war-zone requires them to make a six-hour round trip from Doha. (BBC Web Page: 30/03/24, FARUK)

**WAR A REAL THREAT AND EUROPE NOT READY, WARNS POLAND'S PM**

Polish Prime Minister Donald Tusk has warned Europe is in a "pre-war era" and Ukraine must not be defeated by Russia for the good of the whole continent. He said war was no longer a concept from the past, adding: "It's real and it started over two years ago." His comments came after Russia launched a massive attack on Ukraine's energy system on Thursday. Russian President Vladimir Putin said this week Moscow had no aggressive intentions towards Nato countries. (BBC Web Page: 30/03/24, FARUK)

**POWERFUL GANG LEADER DEMANDS ROLE IN HAITI PEACE TALKS**

One of Haiti's most powerful gang leaders says he would consider laying down weapons if armed groups were allowed to take part in talks to establish a new government. Groups led by Jimmy Cherizier, also known as Barbecue, are in control of most of the capital Port-au-Prince. He predicted the violence which has gripped Haiti in recent weeks could escalate in the coming days. However, he told Sky News: "We are ready for solutions." Haiti, an impoverished Caribbean nation home to more than 11 million people, has been without a prime minister since 12 March. (BBC Web Page: 30/03/24, FARUK)

**FRANCE PLANS MOBILE SCHOOL FORCE OVER DEATH THREATS**

France is setting up a mobile security force for schools experiencing difficulties, days after the headteacher of a Paris school resigned because of death threats. The head was falsely accused of striking a student in a row over her wearing an Islamic headscarf in school. Education Minister Nicole Belloubet said the mobile force was intended to reassure teachers and boost security. Tensions in French schools are high since the killing of two teachers. The education ministry said the mobile school force would be composed of about 20 education officers who could be deployed within 48 hours from the start of the next school year, wherever local authorities needed additional support.
(BBC Web Page: 30/03/24, FARUK)

**ISRAEL CRISIS DEEPENS OVER ULTRA-ORTHODOX DRAFT**

Israel's High Court has issued an order in the long-running dispute over ultra-Orthodox military exemptions, deepening a crisis in the government. It instructed a funding freeze for ultra-Orthodox, or Haredi, educational institutions whose students are eligible for conscription. Haredi parties in the government have reacted angrily, while a secular party has threatened to quit over the issue. ultra-Orthodox exemptions are opposed by a majority of Israelis. The Haredi community comprises about 12% of the population but those in full-time Torah study are exempt from mandatory military service. Conscription applies to almost all other Israelis, apart from Israeli Arabs, from the age of 18 for both men and women.
(BBC Web Page: 30/03/24, FARUK)

**FRANCE LOVES BRAZIL SAYS MACRON AFTER LULA MEETING**

Diplomatic visits by world leaders are normally stately affairs, featuring formal handshakes and news conference. But photos of French President Emmanuel Macron and Brazilian counterpart Inacio Lula da Silva during his recent visit have put some more in mind of a romantic getaway. Social media users compared the images to wedding photos. "It was a wedding," joked Mr Macron in response. "France loves Brazil and Brazil loves France!" Mr Macron spent a whirlwind three days in the country this week - visiting the Amazon, Sao Paulo Rio de Janeiro and Brasilia. It was during a trip to the Amazon rainforest that Mr Macron and Brazil's President Luiz Inacio Lula da Silva were photographed clutching hands and laughing. (BBC Web Page: 30/03/24, FARUK)

**RUSSIA SHUTS DOWN UN TRACKING OF N KOREA SANCTIONS**

Russia has shut down panel of UN experts that have for years monitored sanctions against North Korea. The panel last week said it was probing reports that Russia violated rules by buying North Korean weapons like ballistic missiles for use in Ukraine. The UN's Security Council has imposed a series of sanctions on Pyongyang since 2006 for its nuclear weapons programme. Those restrictions are still in force - but the experts group set up to monitor violations will now be disbanded. In a Security Council vote on Thursday, Russia used its veto power as a permanent member to block the renewal, while 13 of the other 14 member states present voted for it . China, Pyongyang's closest ally, abstained.

(BBC Web Page: 30/03/24, FARUK)

**PERU PRESIDENT'S HOME RAIDED IN ROLEX PROBE**

Police in Peru have raided President Dina Boluarte's home as part of a corruption inquiry dubbed "Rolexgate". Authorities were searching for more than a dozen Rolex watches President Boluarte had allegedly not declared. The investigation began after a news report drew attention to luxury watches she wrote at public events, dating from when she took office in December 2022. Ms Boluarte said that her Rolex was an old item that she bought with the proceeds of working since she was 18. The government announced earlier this month it would review her asset declarations from the past two years.

(BBC Web Page: 30/03/24, FARUK)

**:: The End ::**